

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর যারা তোমার অনুগত রয়েছে
তাদেরকে কিয়ামতের দিন পর্যন্ত
যারা অস্বীকৃতি জ্ঞাপন করে
তাদের উপর জরী করে রাখবো।
সূরা আল ইমরান ৫৫

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গীক, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
শ্রীশ্রী সিমেন্ট
হাইড্রেট, মজবুত, দোঁল
সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৯১১০২৭৭০৪

বরিশাল ২ শনিবার ১৮ জুলাই ২০২৬ ০৩ সফর ১৪৪৮ ০৩ শ্রাবণ ১৪৩৩ ৯ম বর্ষ ৪৭ সংখ্যা ৪৪ পৃষ্ঠা ৫ টাকা



**জনগণের ভোটে নির্বাচিত
সরকারই জুলাই সনদ
বাস্তবায়ন করবে: ফখরুল**
কীর্তনখোলা ডেস্ক
বিএনপি মহাসচিব ও স্থানীয়
সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম
আলমগীর বলেছেন, জনগণের ভোটে
নির্বাচিত ২ এর পাতায় দেখুন



**সরকার দুর্গতদের পাশে
থেকে দুর্যোগ মোকাবিলা
করেছে: স্বরাষ্ট্রমন্ত্রী**
কীর্তনখোলা ডেস্ক
স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন,
বন্যাদুর্গতদের পাশে থেকে দুর্যোগ
মোকাবিলা করেছে। বিএনপি জনগণের
সরকার ২ এর পাতায় দেখুন



**দেশের রাজনীতির
রিমোট কন্ট্রোল
দিল্লিতে: গোলাম পরওয়ার**
কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ জামায়াতে ইসলামীর
সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া
গোলাম পরওয়ার দাবি করেছেন, দেশের
রাজনীতি ২ এর পাতায় দেখুন



**শহীদ পরিবারকে
কোটি টাকাসহ তিন
দফা দাবি এনসিপির**
কীর্তনখোলা ডেস্ক
জুলাইয়ের শহীদ পরিবারপ্রতি ১ কোটি
টাকা প্রদানসহ তিন দফা জানিয়েছে
জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।
জুলাই ২ এর পাতায় দেখুন

বিপৎসীমার ওপরে দক্ষিণের নদীর পানি, শহরে জলাবদ্ধতা

কীর্তনখোলা রিপোর্ট
দক্ষিণাঞ্চলের ১১ নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এতে চরাঞ্চলের বিস্তীর্ণ এলাকা প্রাবিত হয়েছে। এছাড়া বরিশাল নগরীর কীর্তনখোলা নদীর পানি বিপৎসীমা অতিক্রম করায় জ্বেরের মাধ্যমে নগরীর কয়েকটি সড়কেও পানি ঢুকেছে। শুক্রবার (১৭ জুলাই) বিকেল সোয়া ৬টায়া বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী মো. তাজুল ইসলাম। তিনি জানান, বর্ষা মৌসুমে বিভাগের গুরুত্বপূর্ণ বেশকিটি নদীর পানি প্রবাহ পর্যবেক্ষণ করা হয়। এর মধ্যে সবশেষে শুক্রবার বিকেল সোয়া ৬টার রিপোর্ট অনুযায়ী দক্ষিণাঞ্চলের ১১ নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এতে বিভাগের নিম্নাঞ্চলের অনেক এলাকা তলিয়ে গেছে। বরিশাল পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী মো. তাজুল ইসলাম বলেন, হাম ও উপসর্গে মৃত্যু বেড়ে ৭৮০



দিয়ে প্রবাহিত হচ্ছে। এর আগে বুধবার পর্যন্ত ৮ নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়। এ কারণে বরিশাল, জেলা, পটুয়াখালী, ঝালকাঠি জেলার উপকূলীয় এলাকার নিম্নাঞ্চল পানিতে প্রাবিত হয়েছে। এমনকি নদীর পানি ঢুকে পড়ছে বরিশালের প্রাণকেন্দ্র সদররোডসহ আশপাশের এলাকা। পানিবর্ত হয়ে পড়ছে নদীর তীরবর্তী এলাকার মানুষ। পানি বিজ্ঞান বিভাগ বলেছে, এক দিনের পানি ঢুকে পড়ছে দক্ষিণাঞ্চলের নদ-নদীগুলোর পানি

বিপৎসীমার এক মিটার পর্যন্ত বেড়েছে। এ কারণে পানি নদী ছাপিয়ে গ্রামাঞ্চলে ঢুকে পড়ছে। শুক্রবার জোয়ারের সময় নদীর পানি আর বাড়তে পারে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

জাতিসংঘ সন্ত্রাসবিরোধী প্রস্তাবে ইসরায়েল-মার্কিন ও আর্জেন্টিনার বিরোধিতা

কীর্তনখোলা ডেস্ক
জাতিসংঘের সন্ত্রাসবাদবিরোধী গুরুত্বপূর্ণ প্রস্তাবগুলোর বিরোধিতা করেছে যুক্তরাষ্ট্র, ইসরায়েল ও আর্জেন্টিনা। জাতিসংঘের প্রস্তাবে এই তিন দেশের এমন বিরোধিতার তীব্র সমালোচনা করেছেন ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। বৃহস্পতিবার (১৬ জুলাই) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (৮) দেওয়া এক পোস্টে বাঘাই গভ এক বছরে জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত সন্ত্রাসবাদ ও অন্যান্য আন্তর্জাতিক কয়েকটি প্রস্তাবের কথা উল্লেখ করেন। তিনি বলেন, এসব প্রস্তাবের বিরোধিতা করেছে যুক্তরাষ্ট্র, ইসরায়েল ও আর্জেন্টিনা। তিনি লিখেছেন, কী কী এবং কারা কারা-তার একটি ইঙ্গিত: বৈশ্বিক সন্ত্রাসবাদবিরোধী কৌশল সংক্রান্ত জাতিসংঘ সাধারণ পরিষদের ২ এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রীর লাগানো গাছে নতুন রূপে সেজেছে সেলফি সড়ক

কীর্তনখোলা রিপোর্ট
প্রধানমন্ত্রী তারেক রহমানের হাতে রোপণ করা শত শত ফলজ, উষধি ও বনজ গাছের সবুজে নতুন রূপ পেয়েছে বরিশাল নগরীর কীর্তনখোলা নদীসংলগ্ন সাগরদী খালপাড়ের আলোচিত সেলফি সড়ক। কয়েক দিনের ব্যবধানে সারিবদ্ধ চারাগুলোতে গ্রাণের ছোঁয়া লেগেছে। বিকেল থেকে রাত পর্যন্ত সেখানে ভিড় করছেন দর্শনাধীরা। কেউ হাঁটছেন, কেউ পরিবারের সদস্যদের নিয়ে সময় কাটাচ্ছেন, আবার কেউ নান্দনিক পরিবেশে ছবি তুলছেন। চারাগুলোর নিরাপত্তা জোরদারে নতুন উদ্যোগ নিয়েছে বরিশাল সিটি কর্পোরেশন। পুরো এলাকায় সার্বক্ষণিক নজরদারি জন্ম ২ এর পাতায় দেখুন

চরমোনাই পীর মাদক সরবরাহ লাইন নির্মূলে প্রধানমন্ত্রীকে দায়িত্ব নিতে হবে

কীর্তনখোলা রিপোর্ট
মাদকের সরবরাহ লাইন নির্মূল করতে সরকারপ্রধান হিসেবে প্রধানমন্ত্রী তারেক রহমানকে একক দায়িত্ব নেওয়ার আহ্বান জানিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম। তিনি বলেন, 'দীর্ঘমেয়াদি ও বহুমাত্রিক ক্ষতির বিবেচনায় দেশের সবচেয়ে বড় সমস্যা মাদক। আল্লাহর রহমতে বাংলাদেশ যে জন্মিতি লভাংশ (ভেমেমোআফিক ভিভিভেভ) পেয়েছিল তা কাজ লাগিয়ে দেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করা যেতো। সেজন্য দরকার ছিল জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তরিত করা এবং সেই উদ্ভূত জনশক্তি রক্তনি ও দেশে কর্মসংস্থান তৈরি করা। কিন্তু অতীতের কোনো সরকারই এই ধরনের পদক্ষেপ নেয় নাই, বরং উদ্ভূত জনশক্তিকে নষ্ট করতে মাদককে প্ররম দিয়েছে। ফলে আমাদের জনসম্পদ নিষিক্রয় হয়েছে, কোনো কোনো ক্ষেত্রে ধ্বংস হয়েছে।' শুক্রবার (১৭ জুলাই) ২ এর পাতায় দেখুন

বাউফলে বিএনপির মিছিলে হামলার মামলায় আলীগ নেতা গ্রেফতার

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে বিএনপির মিছিলে হামলার অভিযোগে করা মামলার প্রধান আসামি দাসপাড়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাবেক নেতা এ এন এম জাহাঙ্গীর হোসেনকে (৬০) গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। পটুয়াখালী জেলা গোয়েন্দা (ডিবি) কার্যালয়ের সামনের সড়ক থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। শুক্রবার বিষয়টি নিশ্চিত করেছেন পটুয়াখালী জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান। পুলিশ সূত্রে জানা যায়, গ্রেপ্তার ২ এর পাতায় দেখুন

জুলাই ছিলো আশুদনমাথা জুলাই ছিলো রক্ত

মৌমিতা বিনতে মিজান
২০২৪ সালের ১৮ জুলাই বাংলাদেশে কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে 'কমপ্লিট শাউডাউন' পালিত হয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা এই কর্মসূচির সমর্থনে দেশের বিভিন্ন স্থানে ছাত্র-জনতা রাস্তায় নেমে আসে। আইন শৃঙ্খলা রক্ষাকারীবাহিনী ও ছাত্রলীগের সঙ্গে তীব্র সহিংসতায় সারাদেশে ২৭ জন নিহত ও প্রায় দেড়হাজার মানুষ আহতের খবর পাওয়া যায়। আন্দোলন দমনে দেশব্যাপী মোবাইল ইন্টারনেট ও ব্রডব্যান্ড পরিষেবা পুরোপুরি বন্ধ হয়, যার ফলে দেশ এক প্রকার বিচ্ছিন্ন হয়ে পড়ে। আন্দোলনের উত্তাল সময়ে এদিন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে আলোচনার আহ্বান জানান তৎকালীন আইনমন্ত্রী আনিসুল হক ও শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। এ নিয়ে প্রেস ব্রিফিংও করেন আনিসুল হক। তিনি লিখ ট আপিলের স্তানি দ্রুত করার চেষ্টার কথা জানান। ব্রিফিংয়ে আনিসুল হক আরও জানান, শিক্ষার্থীদের ২ এর পাতায় দেখুন

জুলাই কর্নার



বিসমিল্লাহির রহমানির ব্রহ্মিহ

গণভোটের গণরায় বাস্তবায়ন, জনদারোগা নিরসন, ব্রহ্মমূল্য নিয়ন্ত্রণ ও যোগাযোগ ব্যবস্থাসহ অবহেলিত দক্ষিণাঞ্চলের সার্বিক উন্নয়নের দাবিতে

১৮ জুলাই ২০২৬
শনিবার, দুপুর ১:০০ টা
৯ কোম্পানি উন্নয়ন কেন্দ্রীয় ইদগাহ হাউস, বরিশাল

প্রধান অতিথি
ডা. শফিকুর রহমান এমপি
মাননীয় বিরোধীদলীয় নেতা ও আমির, বাংলাদেশ জামায়াতে ইসলামী

সমাবেশে বক্তব্য রাখবেন
ড. কর্নেল (অব.) আলি আহমদ বীর বিক্রম
সাবেক মন্ত্রী ও চরমোমনা গণভোটের ভেতরাঙ্গীক পার্টি (এনসিপি)
আল্লামা আবদুল কাইয়ুম সুবহানী
আগতায় মাদ্রিচ, নেতাকে ইসলাম পার্টি
মাওলানা হাবিবুল্লাহ মিয়াজি
আমির, বাংলাদেশ খেলাফত আন্দোলন
ডা. মোস্তাফিজুর রহমান ইরান
সহসচিব ও হুফার
জাহাঙ্গীর নব্বিজ
জাহাঙ্গীর নব্বিজ পার্টি (আনস)

জনাব নারিদ ইসলাম এমপি
মাননীয় বিরোধীদলীয় ১১ নং ওয়ার্ড ও আওয়াক
আজীবী নারবিক পার্টি (এনসিপি)
শাইখুল হাদিস আল্লামা মামুনুল হক
আজীবী, বাংলাদেশ খেলাফত মজলিস
জনাব মজিবুর রহমান মঞ্জু
জোয়ারমদন, আমির বাংলাদেশ পার্টি (এনসিপি)
ইঞ্জিনিয়ার রাসেদ প্রধান
সহসচিব ও হুফার
জাহাঙ্গীর নব্বিজ পার্টি (আনস)

আরও বক্তব্য রাখবেন ১১ দলীয় এককের কেন্দ্রীয় ও বিভাগীয় নেতৃবৃন্দ

সভাপতি
এ্যাড. মুয়াযযযম হোসাইন হেলাল
সহকারী সেক্রেটারি জেনারেল ও পরিচালক, বরিশাল অঞ্চল
বাংলাদেশ জামায়াতে ইসলামী

১১ দলীয় একা, বরিশাল বিভাগ



গৌরনদী পৌরসভা নির্বাচন দলীয় সিদ্ধান্তের অপেক্ষায় উপজেলা বিএনপির সদস্য সচিব জহির সাজ্জাদ

এস এম নয়ন, গৌরনদী
বরিশালের গৌরনদী পৌরসভার আসন্ন স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে উপজেলা বিএনপির সদস্য সচিব শরীফ জহির সাজ্জাদ হারানকে ঘিরে দলীয় নেতাকর্মীদের মধ্যে নতুন করে আলোচনা শুরু হয়েছে। স্থানীয় বিএনপির একাধিক সূত্র জানিয়েছে, তিনি আবারও গৌরনদী পৌরসভার মেয়র পদে নির্বাচনের প্রস্তুতি নিচ্ছেন এবং তৃণমূলের অনেক নেতাকর্মী তাকে সম্ভাব্য প্রার্থী হিসেবে দেখতে চান। দলীয় সূত্রে জানা যায়, ২০২১ সালের গৌরনদী পৌরসভা নির্বাচনে বিএনপির ধানের শীষ প্রতীক নিয়ে মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন শরীফ জহির সাজ্জাদ হারান। সে সময় নির্বাচনী প্রচারণায় তিনি দলীয় নেতাকর্মীদের নিয়ে সক্রিয়ভাবে মাঠে ছিলেন। তার সমর্থকদের অভিযোগ, নির্বাচনের দিন বিভিন্ন কেন্দ্রে হামলা, ভয়ভীতি ও অনিয়মের কারণে প্রকৃত ভোটের ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালা:** নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: ভজ্জমদিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

বীরশাল

আন্তর্জাতিক প্রতিদিন

সম্পাদকীয় শ্রমবাজার সম্প্রসারণে জোর দিন

বাংলাদেশের অর্থনীতিতে প্রবাস আয় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তা সত্ত্বেও জনশক্তি রপ্তানি বৃদ্ধিতে পরিকল্পিত উদ্যোগ কম। আর্থনিক পৃথিবীতে কার্যক শ্রমের চাহিদা দিন দিনই কমছে। বাড়ছে দক্ষ ও প্রযুক্তিগতভাবে অগ্রসর শ্রমশক্তির চাহিদা। কিন্তু দক্ষ জনশক্তি তৈরির ক্ষেত্রে আমাদের অগ্রগতি খুবই কম। তা ছাড়া নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান ও সেসব বাজারে কর্মী প্রেরণের ক্ষেত্রেও আমাদের খুব একটা অগ্রগতি নেই। প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, সৌদি আরব ও কয়েকটি দেশ ছাড়া মধ্যপ্রাচ্যের অনেক শ্রমবাজার বাংলাদেশের জন্য প্রায় বন্ধ। খাতসংগৃহীত ব্যক্তিরা বলছেন, এই পরিস্থিতি দীর্ঘস্থায়ী হলে প্রবাস আয়ের প্রবৃদ্ধি এবং সরকারের শ্রম রপ্তানির লক্ষ্য বাস্তবায়ন কঠিন হয়ে পড়তে পারে। বাংলাদেশের সবচেয়ে বড় শ্রমবাজার সৌদি আরব, সেখানেও কর্মী নিয়োগ কমছে। এর ফলে সামগ্রিকভাবেই বাংলাদেশের জনশক্তি রপ্তানির পতি নিম্নমুখী। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমসিটি) তথ্য বিশ্লেষণে দেখা যায়, ১ জানুয়ারি থেকে ৩১ মার্চ পর্যন্ত তিন মাসে বিভিন্ন দেশে কাজের উদ্দেশ্যে গেছেন এক লাখ ৬৬ হাজার ৩৪৫ জন বাংলাদেশি। পরবর্তী তিন মাস ১১ দিনে (১ এপ্রিল থেকে ১১ জুলাই পর্যন্ত) দেশেই গেছেন এক লাখ ২৭ হাজার ২২০ জন। এই সময়ে প্রথম তিন মাসের তুলনায় কর্মী যাওয়া কমছে ৩৯ হাজার ১২৫ জন। দেশেই অল্প পরিমণ্থায়ে দেখা যায়, প্রথম তিন মাসে সৌদি আরবে গেছেন এক লাখ ৩৪ হাজার ৬৫৪ জন, কাতারে ১৩ হাজার ৬৬৯ জন, কুয়েতে ছয় হাজার একজন, জর্দানে চার হাজার ৫৮৬ জন, সংযুক্ত আরব আমিরাতে তিন হাজার ৬১৭ জন, ইরাকে দুই হাজার ৮৮৩ জন, লেবাননে ৮৭৫ জন, ওমানে ১৭ জন, তুরস্কে ১৬ জন এবং ইয়েমেনে চারজন। অন্যদিকে ১ এপ্রিল থেকে ১১ জুলাই পর্যন্ত সৌদি আরবে গেছেন ৮৯ হাজার ৬১ জন, কাতারে ১৮ হাজার ৩১৪ জন, সংযুক্ত আরব আমিরাতে ছয় হাজার ৬০৩ জন, কুয়েতে পাঁচ হাজার ৮০৮ জন, জর্দানে চার হাজার ৮৯০ জন, ইরাকে এক হাজার ৭৫২ জন, লেবাননে ৭৫০ জন, ওমানে ২০ জন, তুরস্কে ১৮ জন এবং বাহরাইনে তিনজন। কাতার ও আরব আমিরাতে কর্মী যাওয়া কিছুটা বাড়লেও সৌদি আরবে বড় ধরনের পতন হয়েছে। উদাহরণ যুক্তরাষ্ট্র ও ইসলামেরের হামলা-পরবর্তীকালে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে থাকা যুক্তরাষ্ট্রের ঘাঁটিগুলোতে ইরানের হামলা মধ্যপ্রাচ্যের পরিস্থিতিকে খুবই অস্থিতিশীল করে তুলেছে। ইসরায়েল লেবাননেও হামলা চালিয়েছে। এই সংঘাত খুব সহজে থামবে, তা-ও বলা যায় না। ফলে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বিদেশি শ্রমশক্তির চাহিদা আরো কমে যাওয়ার আশঙ্কা করা হচ্ছে সামনের দিনগুলোতে। অথচ আমাদের শ্রমবাজার প্রদানত মধ্যপ্রাচ্য, বিশেষ করে সৌদি আরবের ওপর নির্ভরশীল। বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সির (বারো) সাবেক মহাসচিব শামীম আহমেদ চৌধুরী নোমান বলেন, কোনো একটি দেশের ওপর অতিরিক্ত নির্ভরশীলতা দীর্ঘ মেয়াদে ঝুঁকিপূর্ণ। বন্ধ বা সীমিত শ্রমবাজারগুলো দ্রুত চালু করার পাশাপাশি দিদামাত্র ১০ থেকে ১২টি প্রধান শ্রমবাজার সচল রাখার ওপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে।

শহীদ পরিবারকে কোটি

শহীদ দিবস ২০২৬ উপলক্ষ্যে এনসিপি ঢাকা মহানগর উত্তর আয়োজিত দোয়া অনুষ্ঠানে এসব দাবি জানানো হয়। এনসিপির ঢাকা মহানগর উত্তরের আহ্বায়ক অফিযুল ইসলাম আদীব এসব দাবি জানান। অরিফুল ইসলাম আদীব বলেন, প্রথমত প্রতিটি শহীদ পরিবারকে ন্যূনতম ১ কোটি টাকা প্রদান করে আর্থিক সংস্থাপন ব্যবস্থা করে দেওয়া। দ্বিতীয়ত শহীদ পরিবার, আহত ব্যক্তি এবং আন্দোলনের সংগঠকদের নিরাপত্তা নিশ্চিত করা। তৃতীয়ত সরকারকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালনাহ আন্দোলনের হস্টপস্টগুলোর আশপাশের চিকিৎসকদের প্রাক্ষরাম্যাবশে ভিতরেই ডিউইলস ডকুমেন্টেশনের উদ্যোগ নিতে হবে। ঢাকা মহানগর উত্তর এনসিপির সাংগঠনিক সম্পাদক নূর খানের সম্বলনায় দোয়া অনুষ্ঠানে এনসিপির যুগ্ম আহ্বায়ক সায়েয়াব তুষার ও আলী আহসান জুনায়েদ, যুগ্ম সদস্য সচিব এসএম সাইফ মোস্তাফিজ ও মাহিন সরকার, জাতীয় ছাত্রশক্তির সিনিয়র যুগ্ম আহ্বায়ক নান তালাত মাহমুদ রাফি প্রমুখ বক্তব্য দেন। সামশাল ওলামা আল্লায়েসের সদস্যসচিব মাওলানা সানাউল্লাহ খান মোনাজাত পরিচালনা করেন।

দেশের রাজনীতির রিমোট

অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য ও সংস্কৃতিসহ বিভিন্ন বিষয়ে দিল্লির প্রভাব রয়েছে। তিনি বলেন, দেশের রাজনীতির যত গণ্ডগোল পাকানো, জুম্মু করানো, কে ক্ষমতায় যাবে আর যাবে না সবকিছুর রিমোট কন্ট্রোল দিল্লি। গুরুবার (১৭ জুলাই) দুপুরে নরাসিংদী শিশু একাডেমি মিলনায়তনে জেলা জামায়াত আয়োজিত সদস্য (রুকন) সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, জেনোভা কনভেনশন, বন্দি বিনিময় আইনসহ বিভিন্ন আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে মৃত্যুদণ্ডপ্রাপ্ত এক আকাজিক দিল্লিতে প্রযুক্তিগত সুযোগ-সুবিধাসহ অবস্থানের সুযোগ দেওয়া হয়েছে। তিনি বলেন, আমরা সব প্রক্রি়েবশী দেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ ও ন্যায্য সম্পর্ক চাই। কিন্তু কোনো দেশ যদি বারবার বাংলাদেশের রাজনীতি, সরকার ও জাতীয় স্বার্থের পরিপন্থি পদক্ষেপ নেয়, তাহলে দেশের জনগণ তা মেনে নেবে না। শেখ হাসিনার বিচার প্রসঙ্গে তিনি বলেন, বিষয়টি ট্রাইব্যুনাল, আইন ও সরকারের এখতিয়ারভুক্ত। জনগণের প্রত্যাশা অনুযায়ী সরকার এ বিষয়ে সিদ্ধান্ত নেবে বলেও মন্তব্য করেন তিনি। একই সঙ্গে তিনি দাবি করেন, ফ্যাসিবাদী শক্তিকে দেশের জনগণ কখনো বরদাস্ত করবে না। গোলাম পরওয়ার বলেন, বিএনপি এখন সংস্কার নয়, সংশোধন এর কথা বলছে। অথচ তাদের ঘোষিত ৩১ দফার প্রথম দফাতেই সংবিধান সংস্কারের জন্য কমিশন গঠনের অঙ্গীকার ছিল। তিনি অভিযোগ করেন, এ অবস্থান পরিবর্তনের মাধ্যমে বিএনপি জনগণের সঙ্গে করা অঙ্গীকার রক্ষা করতে পারেনি। দেশের চরমোনাই জিয়াউর রহমান সংসদে সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন ডেকে জুলাই সনদের আইনি ভিত্তি কার্যকর করা উচিত। অন্যথায় রাজগণে আন্দোলনে যাওয়ার বিকল্প থাকবে না বলেও ঊঁগিয়ারি দেন তিনি। আইন-শৃঙ্খলা পরিস্থিতির সমাচোনাক করে মিয়া গোলাম পরওয়ার বলেন, নতুন সরকার দায়িত্ব নেওয়ার পরও দেশে হত্যা, নির্যাতন, শিশু ধর্ষণসহ নান্য অপরাধ উদ্বেগজনকভাবে বেড়েছে। পাশাপাশি বন্যাকবলিত মানুষের কাছে পর্যাপ্ত ত্রাণ পৌছানো, উদ্ধার ও পুনর্বাসনে সরকারের কার্যকর পদক্ষেপ দৃশ্যমান নয় বলেও অভিযোগ করেন তিনি। নরাসিংদী জেলা জামায়াতে ইসলামীর সংগঠক মো. ইব্রাহিম উইয়্যার সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য সাইফুল আলম খান মিলন এমপি, কেন্দ্রীয় কর্মপরিয়দ সদস্য মাওলানা আ ফ ম আব্দুস সাত্তার, মশিউল আলমসহ কেন্দ্র ও জেলার নেতারা। সম্মেলনের আগে জেলার রুকনদের নিয়ে একটি কর্মশালায় আয়োজন করা হয়।

সরকার দুর্গতদের পাশে

এবং সবসময় জনগণের পাশে থাকে। সাম্প্রতিক বন্যা তারই উদাহরণ। গুরুবার (১৭ জুলাই) দুপুরে কক্সবাজারের চকরিয়া উপজেলার ফাঁসিয়াখালী এলাকায় বন্যাদুর্গতদের মাঝে ত্রাণ বিতরণকালে তিনি এ কথা বলেন। স্বরষ্ট্রমন্ত্রী বলেন, দুর্ঘৌণে মোকাবিলায় সরকারের সব ধরনের প্রস্তুতি রয়েছে। বন্যাদুর্গতদের পাশে থেকে দুর্ঘৌণে মোকাবিলা করেছে ন্যাদুর্গত মানুষের সহায়তায় সরকার ও বেসরকারি উদ্যোগ অব্যাহত রয়েছে। দেশের সেসব এলাকা বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে, সেসব এলাকায় সরকারের পক্ষ থেকে জরিপ কার্যক্রম চালানো হচ্ছে।

জরিপ শেষে ক্ষতিগ্রস্ত সড়ক, শিক্ষাপ্রতিষ্ঠান, বেড়িবাধসহ বিভিন্ন অবকাঠামোর পুননির্মাপ এবং ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি। ত্রাণ বিতরণ শেষে স্বরষ্ট্রমন্ত্রী চকরিয়ার ছড়াকুল এলাকায় বন্যায় ক্ষতিগ্রস্ত বেড়িবাধ, সড়ক ও বসতবাড়ি পরিদর্শন করেন। এ সময় স্বরষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা, সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য শামীম আরা স্বপ্না ও মাতামুহরির উপজেলা বিএনপির সভাপতি জামিল ইব্রাহিম চৌধুরী, কক্সবাজারের জেলা প্রশাসক এম এ মন্সুরান, জেলা পুলিশ সুপার সাজেদুর রহমান, চকরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তারা শাহীন দেলোয়ারসহ দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

জনগণের ভোটে নির্বাচিত

সরকারই জুলাই সনদ বাস্তবায়ন করবে। এ নিয়ে বিরোধীদল জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছে বলেও অভিযোগ করেন তিনি। অধ্যাপক এমাজউদ্দিন আহমেদের যষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষে গুরুবার (১৭ জুলাই) জাতীয় প্রেস ক্লাবের জঙ্ঘর হোসেন চৌধুরী হলে আয়োজিত স্মরণসভায় এ কথা বলেন তিনি। বৌথভাবে এ স্মরণসভার আয়োজন করে প্রফেসর এমাজউদ্দিন আহমেদ রিসার্চ সেন্টার ও জাতীয় সাংবাদিক সমিতি। মির্জা ফখরুল বলেন, ‘আমরা আজকে অনেকগুলো কথা প্রশ্নের সম্মুখীন হচ্ছি। আমাদের বিরোধীদল থেকে বলা হচ্ছে, জুলাই সনদ বাস্তবায়নের দাবি সংগদে আদায় না হলে রাজগণথের ফয়সালা হবে।’ তিনি বলেন, ‘আমার কাছে মনে হয়, জনগণকে বিভ্রান্ত করার জন্য এ প্রশ্ন তোলা হচ্ছে। জুলাই সনদে আমরা সেই করেছি একসঙ্গে। সেসব দল আমরা আন্দোলন করেছি একসঙ্গেই তারা সেই করেছে। জুলাই সনদে প্রতিটি অক্ষর আমরা বারবার করে বলছি যে আমরাই বাস্তবায়িত করবো। এটোতে আমরা অঙ্গীকারবদ্ধ।’ গণভোট প্রসঙ্গে বিএনপি মাসচিব বলেন, ‘যে গণভোটে কথা বলা হচ্ছে, সেই গণভোটের একটি অংশে তো আমাদের সঙ্গে কোনো আলোচনাই হয়নি। আমরা বারবার করে যে কথা বলতে চাচ্ছি যে, আমরা উচ্চকক্ষে আনুপাতিক হারে ভোটে যে প্রতিনির্ধিত হবে সেই বিষয়টোতে আমরা কখনই একমত হইনি। সে সময়ে স্টেটমেন্ট দিয়েছিলাম আমি নিজেই যে জাতীয় সনদ প্রতারণা করা হয়েছে। সেই সংস্কার কমিশন-রিফর্ম কমিশন তারা যে কথাগুলো সেদিন ঘোষণা নিয়ে এসেছেন আমাদের কনসেন্ট ছাড়া তারা নিয়ে আসছেন।’

বরিশালে ১১ দলীয় এক্যের

আহ্বান জানান তিনি। সমাবেশ বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিয়দ সদস্য জহিরউদ্দিন মুহাম্মদ বাবর বলেন, আজকের সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেবেন বাংলাদেশে জামায়াতে ইসলামীর আমীর ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান এমপি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখবেন এলপ্রিটের চেয়ারম্যান ড. কর্নেল অলি আহমদ (বীর বিক্রম), জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাইদ ইসলাম এমপি, বাংলাদেশ খেলাফত মজলিসের আমীর মাল্লুমা মামুনুল হক, এবি পার্টির চেয়ারম্যান মুজিবুর রহমান ঐশ্বর্য বাংলাদেশ লেবার পার্টির চেয়ারম্যান ডা. মোস্তাফিজুর রহমান ইরান, জাগপার সহ-সভাপতি ইঞ্জিনিয়ার রাশেদ প্রধান, বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির ভারপ্রাপ্ত আমির আল্লামা আবদুল কাইয়ুম সুবহানী এবং বাংলাদেশ ডেভেলপমেন্ট পার্টির চেয়ারম্যান অ্যাডভোকেট এ কে এম আনোয়ারুল ইসলাম চান। এছাড়া ১১ দলীয় এক্যের কেন্দ্রীয়, বরিশাল বিভাগের সকল জেলা ও মহানগর পর্যায়ের নেতারাও বক্তব্য রাখবেন। সমাবেশ বাস্তবায়নের জন্য বরিশাল নগরীসহ বিভাগের সকল জেলা-উপজেলায় ব্যাপক গণসংযোগ, মাইকিং, লিফলেট বিতরণসহ বিভিন্ন ধরনের প্রচার-প্রচারণা চালিয়েছে জামায়াতে ইসলামী। এনসিপিসহ ১২ দলীয় এক্যের নেতৃত্বদে।

জুলাই শহীদদের স্মরণে

প্রিন্টেড ব্যানার ও সম্মানজনক পরিবেশ থাকা উচিত ছিল। তাঁর ভাষায়, এ ধরনের আয়োজন শহীদদের আত্মজাত্যের মর্যাদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। এটিকে অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে দক্ষিণ আইচা থানা যুবলীগের ১ নম্বর যুগ্ম সাধারণ সম্পাদক, সাবেক ছাত্রলীগ সভাপতি এবং বর্তমানে বিন্যালয়ের সহকারী শিক্ষক মহিউদ্দিন বিপ্লবকে রাখা নিয়েও বিতর্ক তৈরি হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে অনেকেই দাবি করেন, ২০২৪ সালের জুলাই আন্দোলনের সময় তিনি আন্দোলনের বিরোধিতা করেছিলেন। এ বিষয়ে মহিউদ্দিন বিপ্লবের সঙ্গে একাধিকবার মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও সাড়া পাওয়া যায়নি। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চর আইচা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি, সাবেক প্রধান শিক্ষক এবং দক্ষিণ আইচা থানা বিএনপির সভাপতি আবুল কাশেম শাহ। বিষয়টি নিয়ে জানতে চাইলে বিন্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আবুল কাশেম শাহ বলেন, মহিউদ্দিন বিপ্লবকে মূল বক্তব্য দেওয়ার সুযোগ দেওয়া হয়েছে। সম্ভবত তিনি একটি বা দুটি গজল পরিবেশন করেছেন। বিষয়টি নিয়ে যে সমালোচনা হয়েছে, সেটি আমরা গুরুত্বের সঙ্গে দেখছি।

মাদক সরবরাহ লাইন নির্মূলে

বরিশালের চরমোনাই ইউনিয়নের সবস্তরের জনগণ আয়োজিত ‘মাদকমুক্ত সমাজ গঠনের প্রত্যয়ে সুধী সেমিনার’ ও আলোচনা সভা’য় প্রধান অতিথির বক্তব্যে সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম এসব কথা বলেন। ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় পরিষদের প্রধান সমন্বয়ক কে এম শরীফজ্জ্বারের পাঠানোর সংবাদ শিঙক্তিতে এ তথ্য জানা গেছে। চরমোনাই পীর বলেন, ‘এখন জাতির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব হলো মাদক প্রতিরোধ করা। আর মাদক প্রতিরোধের জন্য চাহিদা ও জোগান উভয় দিক নির্মূল করতে হবে। আমরা মাদকের চাহিদা কমিয়ে আনার প্রচেষ্টা করতে পারি কিন্তু সরবরাহ লাইন নির্মূল করার দায়িত্ব রাষ্ট্রকেই নিতে হবে। তারেক রহমানের সরকারকে বলবো, মাদক সরবরাহের সঙ্গে দেশের অনেক রথি-মহারথির সংযোগ থাকে। শরের মধ্যে ভুত থাকে। তাই মাদকের সরবরাহ লাইন নির্মূল করতে সরকারপ্রধান হিসেবে প্রধানমন্ত্রীকে একক করেন। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশের সিনিয়র নায়কের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীম, দলের সহকারী মহাসচিব মাওলানা সৈয়দ এমহাক মুহাম্মদ আবুল খায়ের, বরিশাল মহানগর পুলিশের (বিএমপি) এডিসি (দক্ষিণ) মুহাম্মাদ বেলাল হুসাইন ও কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম।

সন্ত্রাসবিরোধী প্রস্তাবে ইসরায়েল-মার্কিন

প্রস্তাব ২০২৬ সালের ১ জুলাই বিবুল সংখ্যাপরিগঠিত গৃহীত হয়। এর বিপক্ষে ভোট দেয় মাত্র ৩টি দেশ: ইসরায়েল, যুক্তরাষ্ট্র ও আর্জেন্টিনা। বাঘাই আরও কয়েকটি প্রস্তাবের উদাহরণ তুলে ধরেন। এর মধ্যে রয়েছে আটলান্টিক দাস বাণিজ্যকে মানবতাবিরোধী অপরাধ হিসেবে ঘোষণা করার প্রস্তাব ২০২৬ সালের ২৫ মার্চ গৃহীত হয়। এর বিপক্ষে ভোট দেয় মাত্র ৩টি দেশ: ইসরায়েল, যুক্তরাষ্ট্র ও আর্জেন্টিনা। এরপর ২০২৫ সালের ১৮ ডিসেম্বর গৃহীত হয় মানবপাচার প্রতিরোধসংক্রান্ত প্রস্তাব।

এর বিপক্ষেও ভোট দেয় এই তিন দেশ। পাশাপাশি সন্ত্রাসবাদ ও মানবাধিকার বিষয়ক প্রস্তাবও ২০২৫ সালের ১৮ ডিসেম্বর গৃহীত হয়। এর বিরুদ্ধেও ভোট দেয় ইসরায়েল, যুক্তরাষ্ট্র ও আর্জেন্টিনা। প্রসঙ্গত, জেনোভা শহরে আলোচনা চলা অবস্থায় গত ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা চালায় মার্কিন-ইসরায়েলি যৌথবাহিনী। এতে আত্মতুহ্নাহ আলী খামেনিসহ বেশকিছু শীর্ষ কর্মকর্তা নিহত হন। এর প্রতিবাদে ৩৯ দিনে ইসরায়েল ও মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন ঘাঁটিগুলোতে ১০০ দফা হামলা চালায় ইরান। এরপর ইরানের ১০ দফা প্রস্তাবের ভিত্তিতে ৭ এপ্রিল যুদ্ধবিরতির প্রস্তাব দেন ট্রাম্প। পাকিস্তানের মধ্যস্থতায় ৮ এপ্রিল যুদ্ধবিরতি কার্যকর হয় এবং ১১ এপ্রিল ইসলামাবাদে সরাসরি বৈঠক করেন দুই দেশের প্রতিনিধিরা। আলোচনা ফলপ্রসূ না হওয়া ১৩ এপ্রিল হরমুজ নৌ-অবরোধ আরোপ করা হয়। এরপর কয়েক দফা যুদ্ধবিরতির সময় বাড়ান ট্রাম্প।

প্রধানমন্ত্রীর লাগানো গোছে নতুন

সেলফি সড়কে ডজনখানেক সিসি ক্যামেরা বসানো হবে। পাশাপাশি চারাগুলো গাতে নষ্ট না হয়, সে বিষয়েও বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে। গত সোমবার বরিশাল সফরে সাগরদী খালপাড় বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ সময় তিনি নিজ হাতে নারিকেল ও আমড়ার চারা রোপণ করেন। পরে দলীয় নেতাকর্মী, প্রশাসনের কর্মকর্তা ও স্থানীয় বাসিন্দাদের অংশগ্রহণে একযোগে প্রায় সাড়ে তিনশ ফলজ, ঔষধি ও বনজ গাছের চারা রোপণ করা হয়। এর মধ্যে প্রায় ৩০০টি নারিকেল গাছ ছাড়াও আমড়া, নিম, অর্জুনসহ বিভিন্ন দেশীয় প্রজাতির প্রায় ৫০টি গাছ রয়েছে। বৃক্ষরোপণের পর থেকেই চারাগুলোর পরিখাযি বিশেষ উদ্যোগ নিয়েছে বরিশাল সামাজিক বন বিভাগ। প্রতিটি চারার চারপাশে নিরাপত্তাবেষ্টনী তৈরি করা হয়েছে। নিয়মিত পানি দেওয়া, আগুা পরিকাঠ, সার প্রয়োগ এবং পোকামাকড় দমনে ওয়ুধ জিতানো হচ্ছে। সকাল ও বিকেলে বন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মীরা চারাগুলোর অবস্থা পর্যবেক্ষণ করছেন। সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করতে পাহারার ব্যবস্থাও রাখা হয়েছে। বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা রেজাউল বারী বলেন, আগুা পরিকাঠ, সার প্রয়োগ এবং পোকামাকড় দমনে ওয়ুধ জিতানো হচ্ছে। সকাল ও বিকেলে বন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মীরা চারাগুলোর অবস্থা পর্যবেক্ষণ করছেন। সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করতে পাহারার ব্যবস্থাও রাখা হয়েছে। বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা রেজাউল বারী বলেন, আগুা পরিকাঠ, সার প্রয়োগ এবং পোকামাকড় দমনে ওয়ুধ জিতানো হচ্ছে। সকাল ও বিকেলে বন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মীরা চারাগুলোর অবস্থা পর্যবেক্ষণ করছেন। সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করতে পাহারার ব্যবস্থাও রাখা হয়েছে। বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা রেজাউল বারী বলেন, আগুা পরিকাঠ, সার প্রয়োগ এবং পোকামাকড় দমনে ওয়ুধ জিতানো হচ্ছে। সকাল ও বিকেলে বন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মীরা চারাগুলোর অবস্থা পর্যবেক্ষণ করছেন। সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করতে পাহারার ব্যবস্থাও রাখা হয়েছে। বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা রেজাউল বারী বলেন, আগুা পরিকাঠ, সার প্রয়োগ এবং পোকামাকড় দমনে ওয়ুধ জিতানো হচ্ছে। সকাল ও বিকেলে বন বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মীরা চারাগুলোর অবস্থা পর্যবেক্ষণ করছেন। সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করতে পাহারার ব্যবস্থাও রাখা হয়েছে।

কীর্তনখোলা নদীর বাতাস, খালের প্রাকৃতিক পরিবেশ ও সারিবদ্ধ সবুজ চারার কাশণে জায়গাটি এখন নগরবাসীর অন্যতম আকর্ষণে পরিণত হয়েছে। প্রতিদিন অসংখ্য মানুষ সেখানে ভেড়তে আসছেন। বরিশাল সামাজিক বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা রফিকুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রীর রোপণ করা গাছগুলো পরিবেশ সংরক্ষণ ও সবুজায়নের গুরুত্বপূর্ণ বার্তা বহন করে। একটি চারাও যাক্ত নষ্ট না হয়, সে জন্য সর্বোচ্চ গুরুত্ব দিয়ে পরিচর্যা করা হচ্ছে। তিনি বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণের বিকল্প নেই। এসব গাছ সংরক্ষণে বন বিভাগের পাশাপাশি স্থানীয় জনগণেরও দায়িত্ব রয়েছে। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, নিয়মিত পরিচর্যা, বন বিভাগের তদারকি এবং সিসি ক্যামেরাভিত্তিক নিরাপত্তা ব্যবস্থা চালু হলে কয়েক বছরের মধ্যেই সাগরদী খালপাড়ের সেলফি সড়কটি ঘন সবুজে আচ্ছাদিত হবে। তখন এটি শুধু বরিশালের দৃষ্টিনন্দন একটি সড়কই নয়, পরিবেশবান্ধব বিনোদনস্থল হিসেবেও পরিচিতি পাবে।

বিপৎসীমার ওপরে দক্ষিণের

পানিবিজ্ঞান বিভাগের উপসহকারী প্রকৌশলী তাইজুল ইসলাম। সরেজমিন বৃহৎশক্তিবার বিকেল ৫টার পর নগরীর কীর্তনখোলা নদীর তীরবর্তী পলাশপুর, বান বাঘেশা রোড, কালিঞ্জির জন্তুয়া এলাকা, নগরীর সদর রোড, আগরপুর রোড, পুলিশ লাইন্স রোডের এন হোসেন আভিনিউ, সদর উপজেলার চরবাড়িয়া, শায়েস্তাবাদ, চন্দ্রমোহন এবং চরকাউয়া ইউনিয়নের নদীর তীরবর্তী এলাকা পানিতে ভাসছে। নদীর তীরবর্তী অনেক ঘরেও পানি ঢুকে পড়েছে। এ কারণে সীমাহীন দুর্ভোগের সৃষ্টি হয়েছে বসবাসকারীদের। পানি উন্নয়ন বোর্ডের পানিবিজ্ঞান বিভাগের উপসহকারী প্রকৌশলী তাইজুল ইসলাম জানান, তারা দক্ষিণাঞ্চলের ১২টি নদীর ১৬টি পয়েন্টের পানি নিয়মিত পর্যবেক্ষণ করেছেন। এতে দেখা যায় গত মঙ্গলবার থেকে নদীর পানি জোয়ারের সময় বিপৎসীমা অতিক্রম করছে। তিনি জানান, গত তিন দিন জোয়ারের সময় ৯টি নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়ে আসছে। এর মধ্যে বৃহৎশক্তিবার বিকেল ৫টা নাগাদ বরিশাল নগরমেধা কীর্তনখোলা নদীর পানি বিপৎসীমার ১৪ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। অর্থাৎ কীর্তনখোলা নদীর পানি বিপৎসীমা ২ দশমিক ১ অতিক্রম করে করে ২ দশমিক ২৪ মিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। এ ছাড়া বালকাটির বিষখালী/সুগন্ধা নদীর পানি বিপৎসীমা ১ দশমিক ৪ মিটার অতিক্রম করে ১ দশমিক ৫৯ মিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

তেঁতুলিয়া নদীর ভোলা খেয়াঘাট এলাকায় বিপৎসীমা ১ দশমিক ৯১ অতিক্রম করে ২ দশমিক ২২ মিটার, সুরমা-মেঘনা নদীর দেলতথান উপজেলাধীন নদীর পানি বিপৎসীমা ২ দশমিক ৯৫ মিটার অতিক্রম করে ৩ দশমিক ৩৬ মিটার ওপর দিয়ে প্রবাহিত হয়, যা পূর্বের দিনের থেকে বেশি। অন্যদিকে সুরমা-মেঘনার নদীর তত্ত্বমন্দির উপজেলার পানি বিপৎসীমা ২ দশমিক ২২ মিটার অতিক্রম করে ৩ দশমিক ২৯ মিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। পিরোজপুরের বলেশ্বর নদীর পানি বিপৎসীমা ১ দশমিক ৪৯ মিটার অতিক্রম ১ দশমিক ৭০ মিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। বরগুনার বিষখালী/খাকদান নদীর পানি বিপৎসীমা ১ দশমিক ৯৭ অতিক্রম করে ২ দশমিক ২৬ মিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। এ ছাড়া বরগুনার পাথরঘাটা উপজেলাধীন বিষখালী নদীর পানি বিপৎসীমা ১ দশমিক ৮৫ অতিক্রম করে ২ দশমিক ১৭ মিটার, পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলাধীন পায়রা/শ্রীমন্ত নদীর পানি বিপৎসীমা ১ দশমিক ৮ মিটার অতিক্রম করে ১ দশমিক ৯৪ মিটার, কাঁচা নদীর উদ্‌দেপুর পয়েন্টের পানি বিপৎসীমা ১ দশমিক ৬৫ অতিক্রম করে ১ দশমিক ৮৬ মিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। আমতলী উপজেলাধীন বৃড়িশ্বর/পায়রা নদীর পানি বিপৎসীমা ২ দশমিক ০৭ অতিক্রম করে ২ দশমিক ১৫ মিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। বাকেরগঞ্জ উপজেলার তেঁতুলিয়া, উজিরপুরের সন্ধ্যা এবং কাটিপাড়ার লোহালিয়া নদীর পানি বিপৎসীমা ছুঁইছুঁই। পানি উন্নয়ন বোর্ডের পানি বিজ্ঞান বিভাগের উপসহকারী প্রকৌশলী তাইজুল ইসলাম তিনি বলেন, এখন পর্যন্ত বন্যার প্রভাব বরিশাল ঝঞ্জেলে নেই। তবে অমাবশ্যা এবং বাতাসের গতিগতবে বেশি হওয়ায় গত মঙ্গলবার থেকে বরিশাল বিভাগের ছয়টি জেলার নদ-নদীর পানি বাড়তে শুরু করেছে। এ কারণে নয়টি নদীর পানি অন্যান্য দিনের তুলনায় জোয়ারের সময় বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়। অমাবশ্যা আর দুইদিন আছে। এই সময়ে নদ-নদীর পানি আরও বাড়তে পারে। অন্যদিকে বরিশাল আবহাওয়া অফিসের জ্যেষ্ঠ পর্যবেক্ষক মিলন হাওলাদার জানান, বর্তমানে বঙ্গোপসাগরে লঘুচাপ চলেছে। এজন্য মাঝে মধ্যে বৃষ্টি হচ্ছে। তবে বৃহৎশক্তিবার দিনে বরিশালের কোথাও বৃষ্টি হয়নি। লঘুচাপ ঘূর্ণিঝড়ে রূপ নিলে নদ-নদীর পানি কয়েক ফুট বৃদ্ধি পেয়ে নিম্নাঞ্চল প্রাণিত হতে পারে।

জুলাই ছিলো আশুনমাখা

আন্দোলন চলাকালে বিভিন্ন জায়গায় বেশ কয়েকজন নিহত হওয়ার ঘটনা তদন্তের জন্য হাইকোর্ট বিভাগের বিচারপতি খোদকদার দিলীপকজ্ঞানামকে বিচার বিভাগীয় কমিটিতে দায়িত্ব দেওয়ার জন্য প্রস্তাব তৈরি করা হয়েছে। এই প্রস্তাব প্রধান বিচারপতির কাছে যাবে। আন্দোলনকারী শিক্ষার্থীদের সঙ্গে

সংলাপে বসা নিয়ে আনিসুল হকের বক্তব্য দেওয়ার পর তা নাকচ করে আন্দোলনকারী শিক্ষার্থীদের প্ল্যাটফর্ম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। শান্তিপূর্ণ আন্দোলনে সহিংসতা চালিয়ে সরকার উদ্ভূত পরিস্থিতি তৈরি করেছে বলে অভিযোগ করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাইদ ইসলাম। আরেক সমন্বয়ক অসিফ মাহমুদ বলেন, ‘খুন করে সংলাপের পথ বন্ধ করেছে সরকার। ‘এদিন আন্দোলনকারীরা বিটিভি ভবন, সেতু ভবন ও অন্যান্য সরকারি প্রতিষ্ঠানে ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। সারা দেশে ব্রডব্যাসড সহ সবধরনের ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখা হয় এবং মেট্রোরেলের কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়। সারা দেশে বড়ার গার্ড বাংলাদেশের (বিজিবি) সদস্য মোতায়েন করা হয়। আন্দোলনে সহিংসতা কেবল দিনে না, রাতও অব্যাহত থাকে। মেরুল বাড়ায় পুলিশ অবরুদ্ধ হয়ে পড়ে, পরে হেলিকপ্টার গিয়ে তাদের উদ্ধার করা হয়।

দেড় ঘণ্টার ডাকাতি

বর্তমানে দেশে অবস্থানরত), পূত্রবধূ দীপা মিত্রি (৩০) এবং দুই নাতি প্রাচ্য হালদার (১২) ও মাধুর হালদার (৮)। ভুক্তভোগী দীপা মিত্রি জানান, রাত আনুমানিক ১টার দিকে তিনি ও তার স্বামী যে কক্ষে ঘুমিয়ে ছিলেন, সেই কক্ষের দরজায় জোরে জোরে ধাক্কার শব্দ শুনতে পান। একপর্যায়ে ছেলে পলাশ হালদার দরজা খুললে ৭ থেকে ৮ জনের একটি মুখোশধারী ডাকাত দল ঘরে ঢুকে পড়ে। তারা ধারালো রামদা দিয়ে পলাশ হালদারের মাথায় একাধিক কোপ দেয় এবং লোহার রড দিয়ে শরীরের বিভিন্ন স্থানে আঘাত করে। দীপা মিত্রির চিৎকার শুনে পাশের কক্ষ থেকে ছুটে আসেন ব্যবসায়ী পরিমল হালাদার। এ সময় ডাকাতরা তাকেও লোহার রড দিয়ে এলোপাতাড়ি মারার করে গুরুতর আহত করে। পরে পরিবারের সবাইকে একটি কক্ষে আটকে রেখে আলমারি ও ওয়ারড্রবের চাবি দিতে বাধ্য করে। চাবি নিয়ে তারা ঘরের আলমারি ও ওয়ারড্রব খুলে পন ১০ লাখ টাকা, প্রায় ১৫ ভরি স্বর্ণ, ১৫ ভরি রুপা, ৪টি বিদেশি টর্চলাইট, ৩টি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন এবং একটি বাটন মোবাইল ফোন লুট করে নেয়। পরিবারের সদস্যরা জানান, ডাকাতরা ঘরের পেছনের জানালা ভেঙে ভেতরে প্রবেশ করে। প্রায় দেড় ঘণ্টা ধরে লুটপাট চালিয়ে রাত আনুমানিক ২টা ২০ মিনিটে পেছনের দরজা দিয়ে পালিয়ে যায়। ডাকাতরা চলে যাওয়ার পর পরিবারের সদস্যদের চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এসে আহত পরিমল হালদার ও পলাশ হালদারকে উদ্ধার করে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে তাদের উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। রাজাপুর থানার ওসি (তত্ত্ব) মো. ফিরোজ কামাল বলেন, খবর পেয়ে পুলিশ দ্রুত বাতাসের দৃষ্টিনন্দন একটি সড়কই নয়, পরিবেশবান্ধব বিনোদনস্থল হিসেবেও পরিচিতি পাবে।

বাউফলে বিএনপির মিছিলে

জাহাঙ্গীর হোসেন দাসপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক। বৃহৎশক্তিবার সন্ধ্যায় ডিবি কার্যালয়ের সামনের সড়ক দিয়ে যাওয়ার সময় তাঁকে গ্রেতার করা হয়। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম জানান, সম্প্রতি বিএনপির একটি মিছিলে হামলার ঘটনায় দাসপাড়া ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আল মামুন বাদী হয়ে বাউফল থানায় একটি মামলা করেন। ওই মামলায় এ এক নম্বর জাহাঙ্গীর হোসেনকে এক নম্বর আসামি করা হয়েছে। ওসি আরও জানান, প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে ডিবি পুলিশ গ্রেতার হওয়া আসামিকে বাউফল থানায় হস্তান্তর করবে। পরে তাঁকে আদালতে সোপর্দ করা হবে।

দলীয় সিদ্ধান্তের অপেক্ষায় উপজেলা

প্রতিকলন ঘটেনি। বর্তমানে গৌরনদী উপজেলা বিএনপির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন শরীফ জহির সাজ্জাদ হায়ান। দীর্ঘদিন ধরে ছাত্ররাজনীতি, যুবদল এবং বিএনপির বিভিন্ন সাংগঠনিক দায়িত্ব পালন করে তিনি স্থানীয় রাজনীতিতে নিজস্ব অবস্থান তৈরি করেছেন বলে দলীয় নেতাকর্মীরা মনে করেন। সম্প্রতি প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের বরিশাল সফরের সময় গৌরনদীতে আয়োজিত কর্মসূচিতে শরীফ জহির সাজ্জাদ হায়ানের সঙ্গে তারেক রহমানের কুশল বিনিময়ের দৃশ্য স্থানীয় রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনার জন্ম দেয়। বিএনপির নেতাকর্মীদের ভাষা, অতীতে যাঁর হাতে গৌরনদী পৌরসভা নির্বাচনে ধানের শীরের প্রতীক তুলে দেওয়া হয়েছিল, দলীয় প্রধান তাঁকে এখনো গুরুত্বের সঙ্গে মূল্যায়ন করছেনডুইমন ধারণা তাদের মধ্যে আরও জোরালো হয়েছে। তবে ভবিষ্যৎ নির্বাচনে দলীয় মনোনয়ন বিষয়ে বিএনপির আনুষ্ঠানিক কোনো ঘোষণা আসেনি। দলীয় নেতাকর্মীদের দাবি, দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা, আন্দোলন-সজ্জামে সক্রিয় ভূমিকা এবং তৃণমূলের সঙ্গে নিবিড় যোগাযোগের কারণে শরীফ জহির সাজ্জাদ হায়ান আবারও মেয়র পদে প্রার্থী হলে দল সাংগঠনিকভাবে লাভবান হবে। স্থানীয় কয়েকজন নেতাকর্মী বলেন, গৌরনদী পৌরসভার উন্নয়ন, নাগরিক সেবা, পরিচ্ছন্ন প্রশাসন এবং জনবান্ধব পৌর ব্যবস্থাপনা গড়ে তুলতে অভিজ্ঞ ও জনসম্পৃক্ত নেতৃত্ব প্রয়োজন। তাদের মতে, শরীফ জহির সাজ্জাদ হায়ান সেই সক্ষমতা রাখেন। এ বিষয়ে শরীফ জহির সাজ্জাদ হায়ান বলেন, “আমি সবসময় দলীয় সিদ্ধান্তের প্রতি শঙ্কানীল। দল যদি আমাকে দায়িত্ব দেয়, তাহলে গৌরনদী পৌরবাসীর সেবা করার সর্বোচ্চ চেষ্টা করব। আমার রাজনৈতিক জীবনের প্রতিটি অধ্যায়ে মানুষের পাশে থাকার চেষ্টা করেছি, ভবিষ্যতেও সেই ধারা অব্যাহত থাকবে।” আসন্ন স্থানীয় সরকার নির্বাচনকে ঘিরে গৌরনদীর রাজনৈতিক অঙ্গনে ইতোম

কবীর্ভনাথানা

আশুতরচাঁদ প্রাচীন

তাবিজের কথা বলে ধর্ষণচেষ্টার

ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. মহসিন হাওলাদার। ভুক্তভোগী নারীর অভিযোগ সূত্রে জানা গেছে, জামায়াত নেতা মোস্তাফিজুর রহমান তার (নারীর) ভাইয়ের ছেলেকে তাবিজ দেওয়ার কথা বলে গত বৃহস্পতিবার সন্ধ্যার পরে ঘরে ডেকে আনেন। এসময় জোরপূর্বক তাকে ধর্ষণের চেষ্টা করেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, নারীর স্বামী ও নয় বছরের একটি ছেলে সন্তান রয়েছে। এক বছর আগে স্বামীর সঙ্গে সম্পর্কের অবনতি হয়। একপর্যায়ে জামায়াত নেতা ও পত্নী চিকিৎসক মোস্তাফিজুর রহমানের সঙ্গে পরিচয়। পারিবারিক বিভিন্ন সমস্যার কারণে ওই নারী প্রায়ই মোস্তাফিজুর রহমানের কাছে তাবিজ নিতে আসতেন। বৃহস্পতিবার সকালে জামায়াত নেতা তার স্ত্রী ও সন্তানদের খুশরবাড়িতে বেড়াতে পাঠিয়ে দেন। এরপর সন্ধ্যার দিকে ওই নারীকে নিজের বাড়িতে নিয়ে আসেন। প্রায় ঘণ্টা দুয়েক তারা ঘরের ভেতরে অবস্থান করেন। একপর্যায়ে ওই ঘর থেকে নারীর চিককার শুনতে গেয়ে জড়ো হন আশাপাশের লোকজন। পরে তারা পুলিশকে খবর দেন। ঘটনাস্থল থেকে মো. মোস্তাফিজুর রহমান মাহাবুবকে আটক করে পুলিশ। পরে এই ঘটনায় থানায় মামলা করেন ভুক্তভোগী নারী। উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা সিরাজুল ইসলাম জানান, বিষয়টি আমাকে এখনও কেউ জানায়নি। তবে অভিযোগ পেলে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। মিজগঞ্জ থানার ওসি মো. তৌহিদুজ্জামান জানান, এ বিষয়ে নারী বাদী হয়ে থানায় একটি ধর্ষণচেষ্টার মামলা দায়ের করেছেন। আসামি মোস্তাফিজুর রহমান মাহাবুবকে গ্রেপ্তার করা হয়েছে।

গৌরনদীতে ইকোপার্ক নির্মাণে

ইকোপার্ক এলাকায় প্রবেশের জন্য সড়ক নির্মাণের কাজ প্রায় সম্পন্ন হয়েছে। এর ধারাবাহিকতায় বৃহস্পতিবার সেখানে বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন করা হয়। গৌরনদী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদী হাসান বলেন, উদ্ভারকৃত সরকারির জমিকে জনকল্যাণমূলক কাজে ব্যবহার এবং পরিবেশ সরক্ষণের লক্ষ্যে ইকোপার্ক নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। এরই অংশ হিসেবে প্রায় ২০০টি শিমুল গাছের চারা রোপণ করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইব্রাহীমের সার্বিক সহযোগিতায় মাঠে প্রবেশের রাস্তার কাজও প্রায় শেষ পর্যায়ে। তিনি আরও বলেন, ইকোপার্কটি বাস্তবায়িত হলে এটি গৌরনদী উপজেলাবাসীর দীর্ঘদিনের একটি মানসম্মত বিনোদনকেন্দ্রের চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সরকারি এই সম্পদ জনগণের সম্পদ। তাই নতুন করে কোনো ভূমিদস্যু যাকে জমিটি দখল করতে না পারে, সে বিষয়ে সবাইকে সচেতন ও সজাগ থাকতে হবে। তিনি জানান, বর্তমানে মাঠে সরাসরি যানবাহন নিয়ে প্রবেশ করা সম্ভব হচ্ছে, ফলে ভবিষ্যতে এলাকাটি পর্যটন ও বিনোদনের জন্য আকর্ষণীয় স্থানে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। স্থানীয়দের প্রত্যাশা, পরিকল্পনা অনুযায়ী ইকোপার্কটি বাস্তবায়িত হলে পরিবেশ সংরক্ষণ, জীববৈচিত্র্য রক্ষা, পর্যটনের বিকাশ এবং স্থানীয় মানুষের বিনোদনের নতুন সুযোগ সৃষ্টি হবে। পাশাপাশি উদ্ভারকৃত সরকারি জমির রক্ষণা ও যথাযথ ব্যবহারও নিশ্চিত হবে।

আসছে শতাব্দীর অন্যতম

কিছু অংশ প্রায় ছয় মিনিটের জন্য অন্ধকারে ডুবে যাবে। এই আত্মভাবিক দীর্ঘ সময় বিজ্ঞানী ও আকাশ পর্যবেক্ষকদের সূর্যের করোনা অধ্যয়নের বিরল সুযোগ করে দেবে। সৌদি আরবের মহাকাশ সংস্থা জানিয়েছে, আভাসহ বিভিন্ন শহরে ছয় মিনিট পর্যন্ত পূর্ণগ্রাস দেখা যেতে পারে। আর জেদ্দা এবং শেখ উপকূলের কিছু অংশে প্রায় পাঁচ মিনিট ৫০ সেকেন্ড স্থায়ী অন্ধকার নেমে আসবে। সংস্থাটি জানিয়েছে, এই ঘটনার ফলে সৌদি আরব সূর্যগ্রহণ পর্যবেক্ষণ ও নথিভুক্ত করার জন্য বিশ্বের অন্যতম প্রধান গন্তব্যে পরিণত হবে। এছাড়া প্রতিবেশী দেশ মিশরে সূর্যগ্রহের সর্বোচ্চ স্থায়িত্ব দেখা যাবে।

১৫০ কিলোমিটার পদযাত্রায়

কিলোমিটার, তৃতীয় দিন ৩৪ কিলোমিটার, চতুর্থ দিন ৩৮ কিলোমিটার এবং পঞ্চম দিন ৩৫ কিলোমিটার পরিদ্রমণ করেন। টানা পাঁচ দিনের পদযাত্রা শেষে তারা কুয়াকাটায় পৌছান।

ভোলায় বিপৎসীমার ওপরে

ভবানীপুর ইউনিয়নের বেড়িবাঁধের বাইরের কয়েকজুত পরিবার পানিবর্দি অবসায় রয়েছে। মনপুরা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের ঘাটকলোনি এলাকার বাসিন্দা আনোয়ারা বেগম, বাবুল ও ইউনুস বলেন, মেঘনা নদীর পানি এখন আমাদের উঠানে রুক সমান হয়েছে। এতে তলিয়ে গেছে আমাদের বাড়ির উঠান ও আশপাশ। বসন্তঘরের মধ্যেও প্রায় ২ হাত পানি। কেউ কেউ ঘরের বাটের উপর আশ্রয় নিয়েছেন আবার কেউ কেউ পানির মধ্য দিয়ে অন্যত্র সড়ে গিয়েছেন। আমরা আমাদের সন্তানসহ গবাদিপশু নিয়ে বিপদে পড়েছি। কখন পানি কমাবে কোন সে অপেক্ষায় আছি। তোলা পানি উন্নয়ন বোর্ড-১ এর নির্বাহী প্রকৌশলী মো. জিয়া উদ্দিন আরিফ বলেন, অমাবস্যার জোয়ারের প্রভাবে মেঘনা নদীর পানি দৌলতখান উপজেলা পর্যায়ে বিপৎসীমার ৪৭ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। অমাবস্যার প্রভাব আজ থেকে কেটে যাবে এবং উজানের পানির চাপ না থাকলে হয়তো আগামীকাল থেকে নদীর পানি বিপৎসীমা অতিক্রম করবে না। তোলা পানি উন্নয়ন বোর্ড-২ এর নির্বাহী প্রকৌশলী মো. আসফাউদ্দৌলা বলেন, মনপুরা পর্যায়ে অমাবস্যার প্রভাবে মেঘনার পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এতে বেড়িবাঁধের বাইরের কিছু নিম্নোচ্চতা গুলি ডুবে হয়েছে। আশা করছি, দ্রুত পানি নেমে যাবে। সন্ধ্যা ৬টার পর জানা যাবে মনপুরা অংশে কতমিটার উপর দিয়ে পানি প্রবাহিত হচ্ছে।

উত্তাল সমুদ্র দেখতে কুয়াকাটায়

গুঁড়ি গুঁড়ি বৃষ্টি ও দমকা হাওয়া বইতে দেখা গেছে। সৈকত সলংগু কয়েকটি প্রথম সারির হোটেল ভাঙো বুকিং থাকলেও অন্যান্য হোটেলে পর্যটকের উপস্থিতি তুলনামূলক কম। কুয়াকাটা হোটেল-মোটেল এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক জুয়েল ফরাজী বলেন, সৈকত সলংগু কিছু হোটেলে ভাঙো বুকিং রয়েছে। তবে আশপাশের অধিকাংশ হোটেলে এখনো প্রত্যাশিত বুকিং নেই। পর্যটকদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন কুয়াকাটা ট্যুর গাইড অ্যাসোসিয়েশনের সভাপতি কে এম বাচ্চা। তিনি বলেন, উত্তাল সমুদ্রের সৌন্দর্য উপভোগ করতে প্রতিদিনই পর্যটক আসছেন। কিন্তু সৈকত পর্যাপ্ত সতর্কবার্তা, লাইফগার্ড, ফায়ার সার্ভিস কিংবা ট্যুরিস্ট পুলিশের দৃশ্যমান তৎপরতা আরও বাড়ানো প্রয়োজন। পর্যটকদের নিরাপত্তাই সর্বোচ্চ আধিকার হওয়া উচিত। এ বিষয়ে কুয়াকাটা ট্যুরিস্ট পুলিশের পরিদর্শক নাজমুল হাসান বলেন, গত কয়েক সপ্তাহেরে তুলনায় পর্যটকের সংখ্যা বেড়েছে। নিম্নোপরে কারণে সমুদ্র উত্তাল থাকায় আমরা মাইকিং করে পর্যটকদের গভীর সমুদ্রে না যাওয়ার অনুরোধ করছি। পাশাপাশি সৈকতের বিভিন্ন দর্শনীয় স্থানে ট্যুরিস্ট পুলিশের সদস্যরা দায়িত্ব পালন করছেন।

বাবুগঞ্জে দলিলের তফসিল পাণ্টে অর্পিত

মোল্লার ছেলে নাসিম মোল্লা (৩৫), মৃত মোতাহার আলী মোল্লার ছেলে নাসিম (৫৬) এবং আসাদুল হাওলাদারের ছেলে আব্দুর রহিম হাওলাদার (৫৫)। এ ঘটনায় তোফাজ্জেল হোসেন ওরফে টিয়া নামে অপরা আসামি পলাতক রয়েছেন। মামলা সূত্রে জানা গেছে, নাসিম মোল্লা তাঁর বাবা মোক্তার মোল্লার নামে দলিলকৃত

মাধবপাশা ইউনিয়নের মুণ্ডুরিয়া মৌজার সাড়ে ৭ শতাংশ জমি নামজারির আবেদন করেন। আবেদনে সময় তিনি তোফাজ্জেল হোসেন ওরফে টিয়া, নুরু মোল্লা ও আব্দুর রহিম হাওলাদারের সহযোগিতায় দলিলের তফসিল পাণ্টে মুত্তুরিয়া মৌজার সরকারের অর্পিত সম্পত্তির (ভূমি) জমি অন্তর্ভুক্ত করে দেন। মূল দলিল না দিয়ে সহিমোহর দলিল দিয়ে নামজারি আবেদন করায় ভূমি অফিসের কর্মকর্তাদের সন্দেহ হয় এবং তাঁরা তদন্ত করে তফসিল পরিবর্তনের প্রমাণ পান। বৃহস্পতিবার বিকালে নাসিম মোল্লা, নুরু মোল্লা ও আব্দুর রহিম হাওলাদার ওই নামজারির তদবির করতে গেলে ভূমি অফিসের কর্মকর্তারা তাঁদের আটক করে পুলিশে সোপর্দ করেন এবং তহসিলদার বাদী হয়ে মামলা করেন। মাধবপাশা ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (তহসিলদার) মো. মিজানুর রহমান বলেন, ‘সহকারী কমিশনার (ভূমি) বরিশাল থেকে দলিলের সহিমোহর কপি সংগ্রহ করে যাচাইয়ের নির্দেশ দিলে মূল দলিল ও জমাকৃত কপির মধ্যে তফসিল পরিবর্তনের প্রমাণ পাওয়া যায়। এরপর সংশ্লিষ্ট ব্যক্তির নামজারির তদবির করতে ভূমি কার্যালয়ে গিয়ে তাঁদের আটক করে পুলিশের কাছে সোপর্দ করা হয়।’ বাবুগঞ্জের সহকারী কমিশনার (ভূমি) কামরুন্নাহার তামান্না বলেন, ‘প্রতারকেরা দলিলের দাতা ও গ্রহীতার নাম অপরিবর্তিত রেখে কেবল তফসিল বদলে সরকারের অর্পিত সম্পত্তি নিজেদের নামে নামজারির চেষ্টা করেছিলেন। বদলে অভিযোগের সত্যতা পাওয়ায় জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে।’ বাবুগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মিজানুর রহমান হাওলাদার জানান, এ ঘটনায় চারজনের বিরুদ্ধে মামলা হয়েছে। গ্রেপ্তার তিনজনকে গুজবার আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। পলাতক আসামিকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

দুই নদীর মোহনায়

আলম হাওলাদার বলেন, একসময় আমাদের অনেক জমিজমা ছিল। নদীভাঙনে সব শেষ হয়ে গেছে। এখন যে জায়গাটুকু আছে, সেটাও কখন নদীতে চলে যায় সেই আতঙ্কে দিন কাটাই। রাতেও নিশ্চিন্ত ঘুমাতে পারি না। আরেক বাসিন্দা রাবেয়া বেগম বলেন, অসুস্থ রোগী হলে নৌকা করে হাসপাতালে নিতে হয়। ঝড়-বুড়ি হলে নৌকাও চলে না। সন্তানদের স্কুলে যাওয়াত করতেও অনেক কষ্ট হয়। আমরা চাই সরকার দ্রুত ভাঙন রাখে কার্যকর ব্যবস্থা নিক। বর্তমানে গ্রামটিতে মাত্র ৪৫টি পরিবার বসবাস করছে। সামর্থ্যবান অনেকেই এলাকা ছেড়ে চলে গেলেও অসহায় পরিবারগুলো এখনো সেখানে টিকে থাকার চেষ্টা করছে। তাদের আশঙ্কা, দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়া না হলে অচিরেই পুরো গ্রাম নদীতে বিলীন হতে পারে। গ্রামটিতে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তবে যাওয়াতেই দুর্ভোগ ও নানা সংকটের কারণে বিদ্যালয়টিতে শিক্ষার্থীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে গেছে। একসময় যেখানে শতাধিক শিক্ষার্থী ছিল, বর্তমানে সেখানে মাত্র ৪০ শিক্ষার্থী পড়াশোনা করছে। স্থানীয় বাসিন্দারা জানান, চিকিৎসা, শিক্ষা, বাজার কিংবা জরুরি প্রয়োজনে তাদের নৌকা বা ট্রালের ওপর নির্ভর করতে হয়। বর্ষা মৌসুমে দুর্ভোগ আরও বেড়ে যায়। নদীভাঙনের কারণে প্রতিনিয়ত আতঙ্ক নিয়ে বসবাস করছেন তারা। রানাপাশা ইউনিয়ন পরিষদের সদস্য জাকির হোসেন বলেন, ইসলামাবাদ গ্রামের মানুষ দীর্ঘদিন ধরে নদীভাঙনের সঙ্গে লড়াই করে বেঁচে আছেন। এটা এখনো অনেক পরিবার বসতভিটা ও কৃষিজমি হারিয়ে অসহ্য চলে যেতে বাধ্য হয়েছে। যারা এখনো এখানে আছেন, তারা চরম ঝুঁকির মধ্যে বসবাস করছেন। বিষয়টি আমরা স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট দপ্তরকে এআধিকবার জানিয়েছি। দ্রুত কার্যকর নদী তীররক্ষা ব্যবস্থা গ্রহণ করা না হলে অবশিষ্ট গ্রামটুকুও নদীতে বিলীন হয়ে যাবে। এ বিষয়ে ঝালকাঠি পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী এ. কে. এম. নিলয় পাশা বলেন, ভৌগোলিক অবস্থানের কারণে ইসলামাবাদ গ্রামটি নদীর মূল তীরেই রয়েছে, মারানদীর একটি দ্বীপসদৃশ এলাকায় অবস্থিত। বর্তমান সরকারি নীতিমালা অনুযায়ী পানি উন্নয়ন বোর্ড মূলত নদীর তীররক্ষা প্রকল্প বাস্তবায়ন করে। ফলে মারানদীর এই অংশে সরাসরি ভাঙন প্রতিরোধ প্রকল্প গ্রহণে আইনি ও কারিগরি সীমাবদ্ধতা রয়েছে। তিনি বলেন, স্থানীয় সংসদ সদস্যের ডিও (আপা-সরকারি) চিঠির মাধ্যমে বিষয়টি বিশেষ বিবেচনার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা হলে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুযোগ তৈরি হতে পারে। নলচাঁচি উপজেলা নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) রিজভী আহমেদ সবুজ বলেন, বিচ্ছিন্ন জনপদের মানুষের দুর্ভোগের বিষয়টি প্রশাসনের নজরে রয়েছে। ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের নিরাপত্তা ও মানবিক সংকট নিরসনে দ্রুত প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়া হবে।

ঝালকাঠির নদীভাঙন এলাকা

ও বসতভিটা রক্ষায় স্থায়ী সমাধানের উদ্যোগ নেওয়া হবে। বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের চেষ্টা করা হবে।জনগণের স্বার্থে সরকার সবসময় আন্তরিক। পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন ঝালকাঠি জেল পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী এ কে এম নিলয় পাশা, প্রেসক্লারের সভাপতি আককাস সিকদারের প্রশাসনের কর্মকর্তা, রাষ্ট্রপতিক নেতৃবৃন্দ এবং এলাকাবাসী উপস্থিতি ছিলেন। স্থানীয়রা নদীভাঙন রোধে দ্রুত টেকসই প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

চলার টিন খুলে ব্যবসায়ীর ঘরে চুরি

আসে। তবে এর আগেই দুর্ভোগা স্বর্ণালংকার, মালপত্র ও টাকা নিয়ে পালিয়ে যায়। এ ঘটনায় তোফাজ্জেল হাওলাদার বাদী হয়ে অজ্ঞাতনামা আসামি করে কাজীরহাট থানায় মামলা করেছেন। স্থানীয় বাসিন্দাদের দাবি, এর আগে আন্ধারমালিক ও লতা ইউনিয়নের একাধিক বাড়িতে চুরির ঘটনা ঘটলেও পুলিশ কার্যকর ব্যবস্থা না নেওয়ায় এলাকায় চুরি বেড়েছে। ভঙ্গা গ্রামের রবিউল তৌকিদার বলেন, প্রায় এক মাস আগে একই রাতে লতা ইউনিয়নে তিনটি বাড়িতে চুরির ঘটনা ঘটে। ওই ঘটনায় কাজীরহাট থানায় অজ্ঞাতনামা আসামি করে একটি মামলা হয়েছিল। কিন্তু মামলার তদন্তকারী কর্মকর্তা উপপরিদর্শক (এসআই) আনিস এ ঘটনায় কাউকে শনাক্ত বা গ্রেপ্তার করতে পারেননি। এখন আবারও চুরির ঘটনা ঘটেছে। এতে স্থানীয়দের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। কাজীরহাট থানার পরিদর্শক (তদন্ত) দীপকের জানান, চালা খুলে চুরির ঘটনায় পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনায় মামলা হয়েছে। ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্ত এবং মালমাল উদ্ধারের চেষ্টা চলছে। স্থানীয় এক বাসিন্দা ক্ষোভ প্রকাশ করে বলেন, গ্রামের মানুষ এখন রাতে ঘুমাতে ভয় পায়। প্রধান সড়কে পুলিশ থাকলেও গ্রামের ভেতরের রাস্তাগুলোতে কোনো টহল নেই। তার দাবি, চুরি হওয়া মামলালম উদ্ধারে দ্রুত পুলিশি তৎপরতা বাড়ানো এবং দোখীদের আইনের আওতায় আনা হলে অপর্যাপ্ত কমানো সম্ভব হতো।

শ্রেমের টানে নদীতে ঝাঁপ

সদস্যদের কাছে হস্তান্তর করে পুলিশ। প্রয়াগরাজ পুলিশ জানিয়েছে, কোন পরিস্থিতি এই যুগলের নদীতে ঝাপ দেওয়ার সিদ্ধান্ত নিতে বাধ্য করণ্ড তা খতিয়ে দেখা হচ্ছে। এছাড়া আল্লুর প্রেমিকা সেই তরুণীরও সন্ধান শুরু করেছে পুলিশ।

রাজাপুরে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে

করছেন। অভিযোগে তিনি বলেন, প্রতিপক্ষরা তার খানিজমির মাটি কেটে সেখানে বালু ভরাটের উদ্যোগ নেন। বিষয়টি নিরাপত্তাবে সমাধানেরে চেষ্টা করলেও ব্যর্থ হলে তিনি আদালতে মামলা করেন। পরে আদালত বিরোধীরা জমির ওপর নিষেধাজ্ঞা

জারি করেন। তবে আদালতের নিষেধাজ্ঞা উপেক্ষা করে প্রতিপক্ষরা গত ১৬ জুলাই রাতের আঁধারে জমিতে বালু ভরাটের কাজ চালিয়ে যান বলে অভিযোগ করেন জাকির হোসেন। তিনি আরও জানান, বিষয়টি থানায় অবহিত করলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে বালু ভরাটের কাজ বন্ধ করে দেয়। বর্তমানে জাকির হোসেন ও তার পরিবার নিরাপত্তাহীনতার রয়েছেন। এ বিষয়ে জানতে চাইলে মো. আল আমিন আকন বলেন, “বালু ভরাটের কাজ বর্তমানে বন্ধ রয়েছে।” তবে আদালতের নিষেধাজ্ঞা অমান্যের অভিযোগ সম্পর্কে বিস্তারিত কিছু বলতে চাননি তিনি। পরে তিনি জমি নিয়ে কোনো বিরোধ নেই দাবি করে অন্য এক ব্যক্তির সঙ্গে কথা বলিয়ে দেন।

মুক্তিপণ দিয়েও দেশে ফিরতে পারছেন

আনজারী শহরে একটি দর্জির দোকানে কাজ করে প্রতি মাসে ২০ থেকে ২৫ হাজার টাকা পরিবারের কাছে পাঠাতেন। গত রমজান মাসে সেহরির খাওয়ার পর ৫-৬ জনের একটি শশঙ্ক চক্র তাকে বাসা থেকে তুলে নিয়ে যায়। পরে একটি নির্জন আন্তানায় নিয়ে হাত-পা বেঁধে নির্যাতন করা হয়। নির্যাতনের ভিডিও ধারণ করে পরিবারের সদস্যদের কাছে পাঠিয়ে প্রথমে ৩০ লাখ টাকা মুক্তিপণ দাবি করা হয়। আসাদুলের স্ত্রী নিপা বেগম জানান, পরিবারের আর্থিক অসহায়ত্বের বিষয়টি জানানো হলে শেষ পর্যন্ত ৬ লাখ টাকায় সমঝোতা হয়। ধারদেনা, সুদে টাকা নেওয়া এবং আত্মীয়স্বজনের সহায়তায় ওই অর্থ সংগ্রহ করতে প্রায় দুই মাস সময় লাগে। পাঁচ লাখ টাকা বিভিন্ন উৎস থেকে এবং এক লাখ টাকা বাবার বাড়ি থেকে সংগ্রহ করে অপরহণকারীদের কাছে পাঠানো হয়। তিনি আরও জানান, পর ২০ মে রাতে মুক্তিপণের টাকা পাওয়ার পর অপরহণকারীরা চোখ বেঁধে আসাদুলকে রাস্তার পাশে ফেলে রেখে যায়। পরে সুমন নামে এক বাংলাদেশি প্রবাসী তাকে উদ্ধার করে নিজের বাসায় আশ্রয় দেন এবং প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করেন। বর্তমানে তিনি গুরুতর শারীরিক সমস্যায় ভুগছেন বলে পরিবার জানিয়েছে। তবে অর্থাভাবে প্রয়োজনীয় চিকিৎসা করাতে পারছেন না। একই সঙ্গে দেশে ফিরতে প্রায় দেড় লাখ টাকা বিমানভাড়া প্রয়োজন হলেও সেটিও জোবাড় করতে না পারায় তিনি এখনো লিবিয়ার আটকে আছেন। এদিকে দেশে দুই সন্তান, বৃদ্ধ বাবা-মা এবং স্ত্রীকে নিয়ে চরম আর্থিক সংকটে পড়ছে আসাদুলের পরিবারটি। স্ত্রী নিপা বেগম বলেন, স্বামীকে বাঁচাতে যা ছিলি সব শেষ করছি। এখন দেশে ফিরিয়ে আনার ভাড়ার টাকাও নেই। বিভিন্ন দপ্তরে আবেদন করেও কোনো সহযোগিতা পাইনি। তিনি আরও বলেন, স্বামীর শারীরিক অবস্থার অবনতি হচ্ছে। বাংলাদেশে থেকে ওগুখ পাঠানো হলেও তাতে উল্লেখযোগ্য উন্নতি হয়নি। উন্নত চিকিৎসার জন্য দ্রুত তাকে দেশে ফিরিয়ে আনা প্রয়োজন। আসাদুলের পরিবার বাংলাদেশ সরকার, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং লিবিয়ায় বাংলাদেশ দূতাবাসের জরুরি হস্তক্ষেপ কামনা করছে, যাতে তাকে দ্রুত দেশে ফিরিয়ে এনে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা যায়।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরাই জাতির

ইসলাম মাসুদ বলেন, একটি জাতির উন্নয়নের সবচেয়ে বড় শক্তি হলো শিক্ষিত, নৈতিক ও দক্ষ মানসম্পদ। আজ যারা বৃত্তি অর্জন করেছে, তারা শুধু নিজদের পরিবারের নয়, পুরো বাউক্ষদের গর্ব। তাদের এই সাফল্য ভবিষ্যতের আরও বড় অর্জনের পথ তৈরি করবে। তিনি বলেন, শিক্ষার্থীদের শুধু পাঠ্যবইয়ের জ্ঞান অর্জন করলেই হবে না; নৈতিকতা, সত্যতা, শৃঙ্খলা, দেশপ্রেম ও মানবিক মূল্যবোধে নিজদের সমৃদ্ধ করতে হয়। আশীষ্টা দিনের নেতৃত্ব গড়ে উঠবে আজকের এই মেধাবী শিক্ষার্থীদের হাত ধরেই। তিনি আরও বলেন, বর্তমান বিশ্বে টিকে থাকতে বিজ্ঞান, প্রযুক্তি ও আধুনিক জ্ঞানে দক্ষ হওয়ার বিকল্প নেই। একই সঙ্গে অভিব্যবক ও শিক্ষকদেরও সন্তানদের সঠিক দিকনির্দেশনা দিতে হবে, যাতে তারা আদর্শ, যোগ্য ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে। অন্তুঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির বাউক্ষল উপজেলা শাখার সভাপতি মো. আরিফুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্রশিবিরের সাবেক কেন্দ্রীয় নেতা ছাত্রাড্ডোকেট মুজাহিদুল ইসলাম, বরিশাল মহানগর ছাত্রশিবিরের সভাপতি মোহাম্মদ আতিকুল ইসলাম, পটুয়াখালী জেলা ছাত্রশিবিরের সভাপতি কে. এম. তামিম, জেলা সেক্রেটারি আমিনুল ইসলাম সোহেল, সাবেক জেলা সভাপতি রাব্বিরুল ইসলাম নূর এবং বাউক্ষল উপজেলা ছাত্রশিবিরের সাবেক সভাপতি লিমন হোসেন। অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী, তাদের অভিভাবক, শিক্ষক, সুবীজন ও ছাত্রশিবিরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। পরে কৃতী শিক্ষার্থীদের হাতে সম্মাননা ফ্রেস্ট, সন্দদ ও উপহারসামগ্রী তুলে দেওয়া হয়। সংবলনা অনুষ্ঠানে অংশ নিয়ে বাউক্ষল দাসপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী জোবায়ের আহমেদ সাব বলেন, বৃত্তি অর্জন করতে গেলে আমি খুবই আনন্দিত। আজকের এই সংবর্ধনা আমাদের আরও বেশি অনুপ্রাণিত করেছে। ভবিষ্যতে ভালোভাবে লেখাপড়া করে দেশ ও মানুষের জন্য কাজ করতে চাই। রেজওয়ানা বিনতে রফিক বলেন, আমাদের সাফল্যকে এভাবে মূল্যায়ন করায় আয়োজকদের প্রতি কৃতজ্ঞ। এই সম্মাননা ভবিষ্যতে আরও ভালো ফল করার আভিবাশাস ও অনুপ্রেরণা জোগাবে। আমি নিয়মিত পড়াশোনা করে নিজের স্বপ্ন পূরণ করতে চাই।

বরগুনায় সাইক্লোন শেল্টার সংকট

শেল্টারের সংখ্যা ৪৭২টি। এসব আশ্রয়কেন্দ্রে জেলার মোট জনসংখ্যার মাত্র প্রায় এক-পঞ্চমাংশ মানুষের আশ্রয়ের ব্যবস্থা রয়েছে। অর্থাৎ বড় ধরনের ঘূর্ণিঝড় বা জলোচ্ছাস দেখা দিলে বিপুলসংখ্যক মানুষ এখনো নিরাপদ আশ্রয়ের বাইরে থেকে যাওয়ার আশঙ্কা রয়েছে। যদিও দুর্ঘটণের সময় স্কুল, কলেজ, মদ্রাসাসহ বিভিন্ন বহুতল ভবনকে অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করে আশ্রয়কেন্দ্রের সংখ্যা ৬০০-এর বেশি করা হয়, তবুও উপকূলীয় জনসংখ্যার তুলনায় তা পর্যাপ্ত নয় বলে মনে করছেন সংশ্লিষ্টরা। বরগুনা সদর, আমতলী, তালতলী, পাখরঘাটা, বেতোগী ও বামনা উপজেলার উপকূলীয় ইউনিয়নগুলো সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে। বিশেষ করে এম, বালিয়াতলী, বুড়িচর, নলটোনা, ঢলুয়া, কুকুয়া, নিশানবাড়িয়া, চন্দ্রয়ানী, ছোটবগী, বড়বগী ও কাকটিডা়াসহ বিভিন্ন ইউনিয়নের মানুষকে দুর্ঘটণের সময় নিরাপদ আশ্রয়ে যেতে কয়েক কিলোমিটার পথ অতিক্রম করতে হয়। স্থানীয়দের অভিযোগ, অনেক সাইক্লোন শেল্টার দীর্ঘদিন ধরে সংস্কার না হওয়ায় জরাজীর্ণ হয়ে পড়েছে। কোথাও পর্যাপ্ত টয়ালেট নেই, কোথাও বিসুদ্ধ পানির ব্যবস্থা নেই। নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী মানুষের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধাও অনেক আশ্রয়কেন্দ্রে অনুপস্থিত। আবার অনেক এলাকায় আশ্রয়কেন্দ্রে যাওয়ার সড়কই হেবোল থাকায় দুর্ঘটণের সময় সেখানে পৌছানো কঠিন হয়ে পড়ে। বরগুনা সদর উপজেলার ঘূর্ণিঝড় প্রস্তুতি কমিটি (সিপিপি)-এর টিম লিডার জাকির হোসেন মিরাজ বলেন, ‘বরগুনা একটি উচ্চ ঝুঁকিপূর্ণ উপকূলীয় জেলা। বর্তমানে যে সংখ্যক সাইক্লোন শেল্টার রয়েছে, তা সব মানুষের জন্য পর্যাপ্ত নয়। নতুন নতুন আশ্রয়কেন্দ্র নির্মাণের পাশাপাশি বিদ্যমান আশ্রয়কেন্দ্রগুলোর রক্ষণাবেক্ষণ এবং সেখানে সহজে পৌছানোর জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন জরুরি। দুর্ঘটণের সময় মানুষের জীবন রক্ষাই আমাদের প্রধান লক্ষ্য।’ বরগুনা জেলা নাগরিক অধিকার সংরক্ষণ কমিটির সাধারণ সম্পাদক ও সাংবাদিক মনির হোসেন কামাল বলেন, ‘উপকূলীয় মানুষের নিরাপত্তার জন্য প্রতিটি ঝুঁকিপূর্ণ উপকূলীয় নতুন সাইক্লোন শেল্টার নির্মাণ করতে হবে। শুধু ভবন নির্মাণ করলেই চলবে না,

সেখানে বিসুদ্ধ পানি, স্যানিটেশন, বিদ্যুৎ, নারী ও প্রতিবন্ধীরাবধ পরিবেশ নিশ্চিত করতে হবে।’ বরগুনা প্রেসক্লারের সাধারণ সম্পাদক আবু জাফর মোঃ সালেহ বলেন, ‘জলবায়ু পরিবর্তনের ফলে ঘূর্ণিঝড়ের ঝুঁকি বাড়ছে। সে অনুযায়ী আশ্রয়কেন্দ্রের সংখ্যাও বাড়তে হবে। পাশাপাশি আশ্রয়কেন্দ্রে যাতায়র সড়কগুলো সারাবছর চলাচল উপযোগী রাখতে হবে। পরিকল্পিত উদ্যোগ ছাড়া উপকূলের মানুষের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব নয়।’ দুর্ঘটণা ব্যবস্থাপনা ও গ্রাণ বিভাগ সূত্রে জানা গেছে, সরকার পর্যায়ক্রমে নতুন সাইক্লোন শেল্টার নির্মাণ ও পুরনো আশ্রয়কেন্দ্র সংস্কারের উদ্যোগ নিয়েছে। তবে উপকূলীয় এলাকার জনসংখ্যা, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি এবং দুর্ঘটণের তীব্রতা বিবেচনায় আরও ব্যাপক পরিকল্পনা প্রয়োজন বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

যুদ্ধের আগুনে মধ্যপ্রাচ্য, বিশ্ব

নেই; হামলার লক্ষ্যবস্তু হচ্ছে বন্দর, সেতু, রেলপথ, বিমানবন্দর, বিদ্যুৎকেন্দ্রসহ গুরুত্বপূর্ণ বেসামরিক অবকাঠামো। একই সঙ্গে হরমুজ প্রণালি ও লোহিত সাগরের মতো বিশ্বের গুরুত্বপূর্ণ জ্বালানি ও বাণিজ্যপথ ঘিরে তৈরি হয়েছে নতুন অশান্ততা। গত কয়েক দিনে ইরানের দক্ষিণাঞ্চলের সিরিক, বুশেহর, বান্দার আব্বাস ও ইরানশাহরসহ বিভিন্ন এলাকায় মার্কিন হামলার খবর পাওয়া গেছে। ইরানি কর্তৃপক্ষের দাবি, এসব হামলায় সেতু, রেললাইন, বন্দর, বিদ্যুৎ অবকাঠামো ও আবাসিক এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। খামির বন্দরের কাছে দুটি সেতুতে হামলায় অন্তত দুইজন নিহত ও চারজন আহত হয়েছেন। বান্দার আব্বাসের একটি আবাসিক এলাকায় হামলায় একজন নিহত এবং আটজন আহত হওয়ার খবরও নিদেহে স্থানীয় প্রশাসন। অন্যদিকে ইরানও পাল্টা হামলা অব্যাহত রেখেছে। তেহরান দাবি করেছে, তারা বাহরাইনে অবস্থিত একটি মার্কিন সামরিক ঘাঁটিকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। কয়েত জানিয়েছে, তাদের আকাশসীমায় প্রবেশ করা ক্ষেপণাস্রু ও ড্রোন প্রতিহত করতে সেনাবাহিনী কাজ করছে। ফলে সন্ধ্যাতের পরিধি ধীরে ধীরে গোটা উপসাগরীয় অঞ্চলে ছড়িয়ে পড়ছে। কয়েক সপ্তাহ আগেও পরিবৃষ্টিত ছিল জিলা। পাকিস্তানের মধ্যস্থতায় যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি সমঝোতা চুক্তি হয়েছিল, যার লক্ষ্য ছিল স্থায়ী যুদ্ধবিরতির পথ তৈরি করা। কিন্তু হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নিয়ে মতপার্থক্যের কারণে সেই উদ্যোগ ভেঙে পড়ে। এরপরই আবার শুরু হয় সামরিক অভিযান।

সিরিয়ায় মার্কিন ঘাঁটিতে ইরানের আকস্মিক

ভাষ্য অনুযায়ী, দক্ষিণ-পূর্ব ইরানের ইরানশাহর শহরে ইরানি সেনাদের ব্যারকে যুক্তরাষ্ট্রের আগের হামলার প্রতিশোধ হিসেবে এ অভিযান চালানো হয়েছে। আইআরজিসির জনসংযোগ বিভাগ ‘অপারেশন নাসের-২’-এর ১৯ নম্বর বিবৃতিতে জানান, ইরানশাহরেরে শহিদ সেনাদের রক্তের প্রতিশোধ নিয়ে সিরিয়ার আল-তানক অঞ্চলে শত্রুপক্ষের বিশেষ অভিযান কমান্ড সেন্টারে আকস্মিক হামলা চালানো হয়েছে। বিবৃতিতে বলা হয়, শিশুহত্যাকারী মার্কিন সেনাবাহিনীর নৃশংসতার জবাবে আইআরজিসির মহাকাশ বাহিনী ‘অপারেশন নাসর-২’এর একাদশ ধাপে ‘আবা আবদুল্লাহ আল-হুসাইন (আ.)’ কোডনামে এবং ইরানশাহরেরে বাস্পুরের শহিদ সেনাদের স্মরণে সিরিয়ার তানক অঞ্চলে শত্রুর বিশেষ অভিযান কমান্ড সেন্টারে আকস্মিক হামলা চালায়। বিবৃতিতে আরও দাবি করা হয়, এই হামলায় একটি রাস্তার ব্যবস্থা এবং বিশেষ অভিযানে ব্যবহৃত কয়েকটি হেলিকপ্টার ধ্বংস করা হয়েছে। পাশাপাশি ইরানশাহরের শহীদ সেনাদের রক্তের প্রতিশোধ হিসেবে বিপুলসংখ্যক মার্কিন সেনাও নিহত হয়েছে। আইআরজিসি আরও দাবি করে, হরমুজ প্রণালির পূর্ণ নিয়ন্ত্রণ আমাদের সাহসী সৈন্যদের হাতেই রয়েছে। যদিও যুক্তরাষ্ট্রের আত্মসান অব্যাহত থাকবে, ততদিন এই অঞ্চল দিয়ে এক ফৌঁটা তেল বা গ্যাসও রপ্তানি হতে দেওয়া হবে না। তবে, আইআরজিসির এসব দাবি স্বাধীন বা নিরপেক্ষভাবে নিশ্চিত হওয়া যায়নি।

হাদির খুনির ও শেখ হাসিনাকে ফেরত পাঠানো নিয়ে যা বলল ভারত

কীর্তনখোলা ডেক
ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ইকলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির খুনিকে দেশে ফেরত পাঠানোর প্রসঙ্গ ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়মিত ব্রিফিংয়ে উঠে এসেছে। এ বিষয়ে এক প্রশ্নের জবাবে ভারতের অবস্থান তুলে ধরেন দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। শুক্রবার (১৭ জুলাই) আয়োজিত নিয়মিত ব্রিফিংয়ে তিনি বলেন, আমরা শেখ হাসিনার প্রত্যর্পণের জন্য অনুরোধ পেয়েছি। অনুরোধটি বর্তমানে পরীক্ষা করে দেখা হচ্ছে। এর সঙ্গে সংশ্লিষ্ট আইনি ও বিচারিক প্রক্রিয়াগুলো বিবেচনা করা হচ্ছে। সংবাদ সম্মেলনে এক সাংবাদিক প্রশ্ন করেন, বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী এক ব্যক্তিকে প্রত্যর্পণের জন্য ভারতীয় কর্তৃপক্ষের কাছে প্রয়োজনীয় সব কাগজপত্র পাঠিয়েছেন বলে জানিয়েছেন। বর্তমানে তিনি ভারতীয় পুলিশের হেফাজতে রয়েছেন। তার বিরুদ্ধে বাংলাদেশে নির্বাচনের আগে আয়োচিত এক ব্যক্তিকে হত্যার অভিযোগ রয়েছে। এ বিষয়ে জয়সওয়াল বলেন, অন্য একজন ব্যক্তির প্রত্যর্পণ-সংক্রান্ত (হত্যা মামলার) অনুরোধের বিষয়ে আমি এখনই নিশ্চিত করে কিছু বলতে পারছি না। তিনি আরও বলেন, যেকোনো প্রত্যর্পণের অনুরোধই আইনি ও বিচারিক প্রক্রিয়ার মাধ্যমেই বিবেচনা করা হবে। এর আগে শেখ হাসিনাকে ফেরত পাঠানোর বিষয়ে রণধীর জয়সওয়াল বলেন, এ বিষয়ে আমাদের অবস্থানে কোনো পরিবর্তন আসেনি। যেকোনো প্রত্যর্পণ একটি আইনি বিষয়। এ ক্ষেত্রেও আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। গণঅভ্যুত্থানের মুখে ২০২৪ সালের ৫ আগস্ট দেশ ছেড়ে ভারতে যান শেখ হাসিনা। এরপর থেকে তিনি ভারতেই অবস্থান করছেন। তার বর্তমান অবস্থান দেশটির রাজধানী নয়াদিল্লিতে। কয়েক দিন আগে রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, পলাতক অন্যান্য নেতাদের সঙ্গে নিয়ে দেশে ফিরে আত্মসমর্পণ করবেন। গণঅভ্যুত্থানের সময় আন্দোলনকারীদের দমনে প্রাণধাতী অস্ত্র ব্যবহারের নির্দেশ দেওয়ার অভিযোগে মদনাবতিবিরোধী অপরাধের মামলায় তাকে ইতোমধ্যে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। চীন সফর সফলকর করে ২০২৪ সালের ১১ জুলাই রাতে দেশে ফেরেন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তখন দেশের প্রায় সব বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কোটা সংস্কার আন্দোলনে রূপ নেয়, যার চূড়ান্ত পরিণতি ঘটে ৫ আগস্টের গণঅভ্যুত্থানে।

সিরিয়ায় মার্কিন ঘাঁটিতে ইরানের আকস্মিক হামলা, বহু সেনাকে হত্যার দাবি

কীর্তনখোলা ডেস্ক

সিরিয়ার আল-তানফ এলাকায় অবস্থিত একটি মার্কিন কমান্ড সেন্টারে ফেপপান্ত্র হামলা চালিয়েছে ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কোর (আইআরজিসি)। এ হামলায় বহু মার্কিন সেনা নিহত হবার দাবি করা হয়েছে। আইআরজিসির ও এর পাতায় দেখুন

বরিশাল ১১ শনিবার ১৮ জুলাই ২০২৬ ০৩ শ্রাবণ ১৪৩৩

যুদ্ধের আগুনে মধ্যপ্রাচ্য, বিশ্ব বাণিজ্য ও অর্থনীতি চরম ঝুঁকিতে

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যে আবারও যুদ্ধের দামামা বেজে উঠেছে। সাম্প্রতিক যুদ্ধবিরতি ও কূটনৈতিক আলোচনার আশা ভেঙে দিয়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে গুঁফ হয়েছ হামলা-পাল্টা হামলা। সংঘাত এখন শুধু সামরিক ঘাঁটিতে সীমাবদ্ধ ও এর পাতায় দেখুন



উত্তাল সমুদ্র দেখতে কুয়াকাটায় পর্যটকদের উপচে পড়া ভিড়

কুয়াকাটা প্রতিনিধি

জিরো পয়েন্টসহ পূর্ব ও পশ্চিম উত্তাল ভেড় করছেন অসংখ্য পর্যটক। অনেককেই সমুদ্রে নেমে গোসল ও চেউয়ের সঙ্গে আনন্দ-উল্লাস করতে দেখা যায়। ঢাকা থেকে পরিবার নিয়ে ঘুরতে আসা পর্যটক মাজহারুল ইসলাম বলেন, দুইবার কুয়াকাটায় পর্যটকদের আনাগোনা। উত্তাল ভেড় উপভোগ করতে সৈকতের

পরিবারের সবাই মিলে সমুদ্রের উত্তাল ভেড় বেশ উপভোগ করছি। খুলনার খালিশপুর থেকে আসা শিক্ষার্থী তাজরি আক্তার বলেন, বর্ষীয় সমুদ্রের রূপ একেবারেই ভিন্ন। বড় বড় চেউ দেখে খুব ভালো লাগছে। তবে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা দরকার। এদিকে সকাল থেকেই ৩ এর পাতায় দেখুন



বাবুগঞ্জে দলিলের তফসিল পাণ্টে অর্পিত সম্পত্তি নামজারির চেষ্টা, ফ্রেফতার ৩

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জে দলিলের তফসিল পরিবর্তন করে সরকারের অর্পিত (ডিপি) সম্পত্তি অবৈধভাবে নামজারির চেষ্টার অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার বিকেলে বাবুগঞ্জ সহকারী কমিশনার (ভূমি) কার্যালয় থেকে তাদের আটক করা হয়। পরে ভূমি কর্মকর্তার দায়ের করা মামলায় গ্রেপ্তার দেখিয়ে গুরুত্বের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। বাবুগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মিজানুর রহমান হাওলাদার ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন উপজেলার মাধবপাশা ইউনিয়নের হাদিবাসকাঠি গ্রামের মোক্তার ও এর পাতায় দেখুন



দখলমুক্ত জমিতে সবুজের ছোঁয়া গৌরনদীতে ইকোপার্ক নির্মাণে রোপণ ২০০ শিমুল গাছ

এস এম নয়ন, গৌরনদী

বরিশালের গৌরনদী উপজেলার নলছিটি ইউনিয়নের পরঙ্গল বোরাদী মৌজায় উদ্বারকৃত প্রায় ১৫ একর সরকারি জমিতে ইকোপার্ক নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। এ উদ্যোগের অংশ হিসেবে বৃহস্পতিবার (১৬ জুলাই) প্রায় ২০০টি শিমুল গাছের চারা রোপণ করা হয়েছে। জানা গেছে, নদীসংলগ্ন সরকারি এ জমিকে পরিশোধবাহক বিনোদনকেন্দ্র হিসেবে গড়ে তুলতে উপজেলা প্রশাসন ও ভূমি প্রশাসনের উদ্যোগে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইব্রাহিমের সহযোগিতায় ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

বরগুনায় সাইক্লোন শেল্টার সংকট নিরাপদ আশ্রয়ের বাইরে লাখো মানুষ

বরগুনা প্রতিনিধি

২০০৯ সালের আইলা, ২০২০ সালের পাসাপান, ২০২২ সালের সিরিহান ও ২০২৩ সালের মোখার মতো দুর্ঘটনার ভয়াবহ স্মৃতি এখনো তাজা করে ফেলে উপকূলের মানুষকে। কিন্তু দুর্ঘটনা মোকাবিলায় সবচেয়ে গুরুত্বপূর্ণ অবকাঠামো সাইক্লোন



বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরাই জাতির ভবিষ্যৎ সম্পদ: ড. মাসুদ

বাইফুল প্রতিনিধি

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরাই জাতির ভবিষ্যৎ সম্পদ। তাদের মেধা, নৈতিকতা ও দেশপ্রেমে সমৃদ্ধ করে গড়ে তুলতে পারলেই একটি সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ সম্ভব। শুক্রবার (১৭ জুলাই) বেলা সাড়ে ১১টায় পটুয়াখালীর বাউফল উপজেলা অভিটোরিয়ামে বাংলাদেশ ইসলামী ছাত্রশিক্ষার বাউফল উপজেলা শাখার আয়োজনে প্রাথমিক বৃত্তি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন পটুয়াখালী-২ (বাইফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। ড. শফিকুল ও এর পাতায় দেখুন

রাজাপুরে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে বিরোধী জমিতে বালু ভরাটের অভিযোগ

সুদেব মালানকার, রাজাপুর

বালকাঠির রাজাপুরে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে বিরোধী জমিতে রাতের আধারে বালু ভরাটের অভিযোগ উঠেছে। এ ঘটনায় উপজেলার কান্দাসকাঠী এলাকার বাসিন্দা মো. জাকির হোসেন অভিযোগ করেছেন। জাকির হোসেন উপজেলার কান্দাসকাঠী গ্রামের মৃত আব্দুল খালেক হাওলাদারের ছেলে। তিনি দাবি করেন, ক্রমসূত্রে মালিকানাধীন জমি দীর্ঘদিন ধরে ভোগদখল ও চাষাবাদ করে আসছেন। কিন্তু হঠাৎ একই এলাকার মৃত আব্দুল বেগারীর ছেলে রাশেদ বেগারী ও সুলতান আকনের ছেলে মো. আল-আমিন আকন ওই জমি জোরপূর্বক দখলের চেষ্টা ও এর পাতায় দেখুন



চালার টিন খুলে ব্যবসায়ীর ঘরে চুরি ১০ ভরি স্বর্ণালংকার ও টাকা লুট

মেহেদিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেদিগঞ্জে চালার টিন খুলে প্রবাসফেরত এক ব্যবসায়ীর ঘরে চুরি ১০ ভরি স্বর্ণালংকার ও নগদ ৪০ হাজার টাকা চুরি করেছে দুর্বৃত্তরা। বৃহস্পতিবার দিবাগত রাত ৩টার দিকে উপজেলার কাজীরহাট থানার আন্ধারমানিক ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের ভঙ্গা গ্রামে ভোফাজ্জেল হোসেন হাওলাদারের বাড়িতে এ ঘটনা ঘটে। এ ঘটনায় কাজীরহাট থানায় মামলা হয়েছে। ব্যবসায়ী ভোফাজ্জেল হোসেন হাওলাদার জানান, দুর্বৃত্তরা ঘরের চালার টিন খুলে কৌশলে ভেতরে প্রবেশ করে। পরে আলমারি ভেঙে ১০ ভরি স্বর্ণালংকার ও নগদ ৪০ হাজার টাকা নিয়ে যায়। তিনি দুর্বৃত্তদের উপস্থিতি টের পেয়ে চিংকার করলে আশপাশের লোকজন ছুটে ও এর পাতায় দেখুন



বাংলাদেশ সরকারের স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ডা. এস এম জিয়াউদ্দিন হায়দার ও হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ও নৃ-গোষ্ঠী বিষয়ক বিশেষ সহকারী বিজন কান্তি সরকার বরিশালে আসলে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান শহানগর বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আফরোজা খানম নাসরিন

১৫০ কিলোমিটার পদযাত্রায় তিন রোভার মেট

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল থেকে কুয়াকাটা পর্যন্ত ১৫০ কিলোমিটার পথ হেটে পরিভ্রমণ করেছেন স্টাউটের তিন সিনিয়র রোভার মেট। বরিশাল নগরীর সরকারি ব্রজমোহন কলেজের প্রশাসনিক ভবনের সামনে থেকে ১২ জুলাই সকাল ৭টায় এ যাত্রা শুরু করে পঞ্চম দিনে বৃহস্পতিবার তারা কুয়াকাটায় পৌঁছান। কাউন্টের রোভার শাহরিয়ার রহমান হাফিজ, মশিউর রহমান আবির ও সাজিদুল ইসলাম সিজান। তারা প্রথম দিন ২৬ দশমিক ৭ কিলোমিটার, দ্বিতীয় দিন ২২ ও এর পাতায় দেখুন

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬



তবিজের কথা বলে ধর্ষণচেষ্টার অভিযোগে জামায়াত নেতা ফ্রেফতার

মির্জাগঞ্জ প্রতিনিধি

পটুয়াখালীর মির্জাগঞ্জে তবিজের কথা বলে নিজ ঘরে নিয়ে এক নারীকে ধর্ষণচেষ্টার অভিযোগে মো. মোস্তাফিজুর রহমান মাহাবুব (৪৫) নামে এক জামায়াত নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার (১৭ জুলাই) সকালে উপজেলার মাধবখালি ইউনিয়নের উত্তর চৈতা গ্রাম থেকে তাকে আটক করা হয়। গ্রেপ্তার মো. মোস্তাফিজুর রহমান মাহাবুব মাধবখালী ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড জামায়াতের সভাপতি ও উত্তর চৈতা গ্রামের মৃত জয়নাল মৌলভীর ছেলে। বাড়ির পাশে তার একটি ফার্মেসির দোকান রয়েছে। পেশায় একজন পল্লী চিকিৎসক। বিষয়টির নিশ্চিত করেছেন মাধবখালি ও এর পাতায় দেখুন



বালকাঠির নদীভাঙন এলাকা পরিদর্শনে ড. জিয়াউদ্দিন হায়দার

বালকাঠি প্রতিনিধি

বালকাঠিতে সুগভ্রা নদীভাঙন কবলিত এলাকা পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এস. এম. জিয়াউদ্দিন হায়দার। শুক্রবার (১৭ জুলাই) বেলা সাড়ে ১১টায় শহরের গুরুখাম এলাকায় নদীভাঙন ঘুরে দেখেন ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে তাদের দুর্ভোগের যোজ্ঞাধর নেন। এ সময় ভাঙনের ফলে ক্ষতিগ্রস্ত বিভিন্ন স্থান পরিদর্শন করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেন। ড. জিয়াউদ্দিন হায়দার বলেন, “গুরুখাম এলাকার নদীভাঙন একটি গুরুত্বপূর্ণ সমস্যা। ভাঙ্গন রোধে কিছু কাজ চলমান রয়েছে। মানুষের জানমাল ও এর পাতায় দেখুন

ভোলায় বিপৎসীমার ওপরে মেঘনার পানি, নিম্নাঞ্চল প্লাবিত

ভোলা প্রতিনিধি

ভোলায় অতি জোয়ারের প্রভাবে বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে মেঘনা নদীর পানি। এতে বেড়িবাঁধের বাইরের নিম্নাঞ্চল প্রাবিত হয়ে পানিবান্দি হয়ে পড়েছেন মনপুরা উপজেলার কয়েক হাজার মানুষ। শুক্রবার (১৭ জুলাই) বিকেল ৩টা থেকে জোয়ার আসতে শুরু করে এবং প্রাবিত হতে থাকে বেড়িবাঁধের বাইরের মনপুরার বিভিন্ন নিম্নাঞ্চল। এছাড়া ভলিগো গেজে রামনেওয়ার লক্ষ্যঘাটের এলাকা সড়ক। স্থানীয়দের সাথে কথা বলে জানা গেছে, জোয়ারের পানিতে মনপুরা উপজেলার মনপুরা ইউনিয়নের রামনেওয়ার এলাকার মাট কলনি ও কলাতলি ইউনিয়নের অন্তত ৩টি গ্রাম প্রাবিত হয়েছে। এছাড়া দৌলতখান উপজেলার ও এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও (অস্ট্রেলিয়া)

অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার:

মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ

রেসিডেন্সি মেডিকেল অফিস (পিজিএস), বরিশাল।

রোগী দেখার সময়:

প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা

সিরিয়ালের জন্য:

০১৭৫২-১৩৪৪৪৮, ০১৭১১-২৪০৮৬৮

০১৭১৪-০৬৭৮৮৮, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com